

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

.....

যারা তোমাদের ধর্মমতে চলবে, তাদের ছাড়া আর কাউকে বিশ্বাস করবে না। বলে দিন নিঃসন্দেহে হেলায়েত সেটাই যে হেলায়েত আল্লাহ করেন।

সূরা আল ইমরান ৭৩

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

শ্রীশ্রীশ্রী সিমেন্ট

ইস্রাইলের মজবুত স্ট্রাকচার

শ্রীশ্রীশ্রী সিমেন্ট

ইস্রাইলের মজবুত স্ট্রাকচার

সেবা : ০২৯৯০০৬৬৬৬৬, ০২৯৯০০২৭০০৪



দেশের যেকোনও সংকটে জনগণ বিএনপির ওপর আস্থা রেখেছে: তারেক রহমান

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দেশের যেকোনও ২ এর পাতায় দেখুন



জাতিসংঘের অধিবেশনের আগে প্রধানমন্ত্রীর ভারত সফরের সম্ভাবনা নেই: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

চলতি মাসের ৮ তারিখ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে শুরু হচ্ছে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশন। এর আগে প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন



আপনারা দেশ ধ্বংস করবেন আর বিরোধীদল আঙুল চুষবে: শফিকুর রহমান

কীর্তনখোলা ডেস্ক

জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, আপনারা দেশকে ২ এর পাতায় দেখুন



বিরোধী দলের সহযোগিতা চাইলে ৬ দফা মেনে নিন: নাহিদ

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ ছইপ নাহিদ ইসলাম এমপি বলেছেন, রাজপথে ২ এর পাতায় দেখুন

বাকেরগঞ্জের গৃহবধূকে রাজধানীতে পিটিয়ে হত্যা

কীর্তনখোলা রিপোর্ট

পরকীয়া সন্দেহে স্ত্রীকে অমানুষিক নির্যাতনের একপর্যায়ে হত্যার অভিযোগ উঠেছে স্বামীর বিরুদ্ধে। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর অভিযুক্ত স্বামী রাসেল হাওলাদারকে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার ঢাকার খিলগাঁও এলাকায় এ ঘটনা ঘটে। নিহত সুমি আক্তার বরিশালের বাকেরগঞ্জ উপজেলার দাড়িয়ারা ইউনিয়নের কাজলাকাঠি গ্রামের বাসিন্দা। তিনি রাসেল হাওলাদারের স্ত্রী। নিহতের ভাই মেহেদী হাসান বাদী হয়ে ময়নাতদন্ত শেষে দাশ স্বজন্মের কাছে হস্তান্তর করেছে। পরে নিহত সুমি আক্তারের লাশ তার গ্রামের বাড়ি বাকেরগঞ্জ উপজেলার কাজলাকাঠি গ্রামে আনার পর শনিবার সকালে জানাজা শেষে দাফন করা হয়েছে।

পিয়ে মরদেহ উদ্ধার করে। এ সময় ঘটনাস্থল থেকে পালিয়ে যায় যাতক রাসেল হাওলাদার। পরে সুমিকে নির্যাতনের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে মুহূর্তের মধ্যে বিষয়টি ব্যাপক ভাইরাল হয়। এরপর অভিযান চালিয়ে অভিযুক্ত রাসেল হাওলাদারকে গ্রেফতার করেছে পুলিশ।

সুত্রমতে, বোমকে অমানুষিক নির্যাতন করে হত্যার ঘটনায় নিহতের ভাই মেহেদী হাসান বাদী হয়ে খিলগাঁও থানায় একটি হত্যা মামলা দায়ের করেছেন। পুলিশ নিহতের ময়নাতদন্ত শেষে দাশ স্বজন্মের কাছে হস্তান্তর করেছে। পরে নিহত সুমি আক্তারের লাশ তার গ্রামের বাড়ি বাকেরগঞ্জ উপজেলার কাজলাকাঠি গ্রামে আনার পর শনিবার সকালে জানাজা শেষে দাফন করা হয়েছে।

অপরদিকে রাসেল হাওলাদারের অমানুষিক নির্যাতনের সময় কে বা কারা সেই নির্যাতনের ভিডিও ধারণ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দিয়েছে। কেনে তিনি ২ এর পাতায় দেখুন

হাম ও উপসর্গে প্রাণহানি হাজার হুইছুই

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে হাম ও উপসর্গে আরও চারজনের মৃত্যু হয়েছে। এর মধ্যে হামের উপসর্গে তিনজনের মৃত্যু হয়েছে। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক রিজিস্ট্রিতে এ তথ্য জানানো হয়েছে। এতে শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টার তথ্য তুলে ধরা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত ১০ এপ্রিল থেকে এখন পর্যন্ত হামে আক্রান্ত হয়ে ও হামের উপসর্গ নিয়ে মোট ৯৯১ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে হামের উপসর্গ নিয়ে ৮৯১ জন মারা গেছে আর হামে আক্রান্ত হয়ে মারা গেছে ১০০ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় সারা দেশে নতুন করে ৮৪৩ জনের শরীরে হামের উপসর্গ দেখা দিয়েছে। এ নিয়ে গত ১০ এপ্রিল থেকে এখন পর্যন্ত দেশে হামের উপসর্গ দেখা দিয়েছে ১ লাখ ৬৩ হাজার ১০৪ জনের শরীরে। একই সময়ে ৭৪ জনের ৩ এর পাতায় দেখুন

বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বরিশালে বৃক্ষরোপণ

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল গ্রান্ডমেনে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুর ২টায় শহীদ জিয়া স্মৃতি সংসদ, বরিশাল জেলা ও মহানগরের যৌথ আয়োজনে এ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট রিলকিস আক্তার জাহান শিরীন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শের-ই-বাংলা মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আনোয়ার হোসাইন বাবুল এবং হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. এ কে এম মশিউল মুনির। কর্মসূচিতে সভাপতিত্ব করেন শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি মীর তানভীর আহমেদ ও বরিশাল জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি মো. রিয়াজ হাসান। বৃক্ষরোপণ কর্মসূচিতে শের-ই-বাংলা ২ এর পাতায় দেখুন

বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল গ্রান্ডমেনে বৃক্ষরোপণ করেন বিসিপি প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন

-কীর্তনখোলা

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে বরিশাল বিশ্ববিদ্যালয়ে দফায় দফায় সংঘর্ষ

কীর্তনখোলা রিপোর্ট

মেসে দরজায় ছিটকিনি লাগানো কেন্দ্র করে বরিশাল বিশ্ববিদ্যালয়ে (বিবি) সমাজবিজ্ঞান ও অর্থনীতি বিভাগের শিক্ষার্থীদের মধ্যে দফায় দফায় লাগাতে বলার জেরে এ পাক্ষা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। পরবর্তীতে এতে কেমিস্ট্রি এবং মুন্ডিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরাও জড়িয়ে পড়েন। শুক্রবার রাত ১০টার দিকে বিশ্ববিদ্যালয় সংলগ্ন ক্ষতিমতলায় এসংঘর্ষের ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শী ও শিক্ষার্থীদের সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের সল্লগ্ন একটি মেসে দরজায় ছিটকিনি লাগানো নিয়ে গত বৃহস্পতিবার ও তালা খোলার বিষয়ে পদক্ষেপ নিতে প্ররক্তর সমাজবিজ্ঞান বিভাগের (২০২১-২২ শিক্ষাবর্ষ) জানানো হলেও কার্যকর ২ এর পাতায় দেখুন

২১ শিক্ষাবর্ষ) শিক্ষার্থী সোভা ও আজমের কথা-কাটাকাটি হয়। জুনিয়র শিক্ষার্থী হয়েও জ্যেষ্ঠ শিক্ষার্থীকে ছিটকিনি লাগাতে বলার জেরে এ

বিরোধের সৃষ্টি হয়। অভিযোগ ওঠে, কথাকাটাটির একপর্যায়ে সৈকতকে পালাপাল করে মেস থেকে বের করে দেওয়া হয়। সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের দাবি, বৃহস্পতিবার রাতে অর্থনীতি ও কেমিস্ট্রি বিভাগের কিছু শিক্ষার্থী তাদের বিভাগের শিক্ষার্থীদের বাসায় তড়াশি ঢালায়

একই কর্মস্থলে ৩ বছর ভূমি অফিসের কর্মকর্তা-কর্মচারীদের বদলির নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে একই কর্মস্থলে তিন বছর বা তার বেশি সময় ধরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পর্যায়ক্রমে বদলি বা কর্মস্থল পরিবর্তনের নির্দেশ দেওয়া হয়েছে। এজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের হালনাগাদ তালিকা প্রস্তুত করে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা নিতে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখা থেকে ১ সেপ্টেম্বর এ সংক্রান্ত পরিপত্র জারি করা হয়। এতে সই করেছে ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এ এস এম সালেহ আহমেদ। পরিপত্রে বলা হয়, ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবা জনগণের ২ এর পাতায় দেখুন

নগরীর পোর্টারোডে স্থাপনা রেখেই চলছে রাস্তা পুনঃনির্মাণ কাজ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বন্দরের পোর্টারোডে সরকারি প্রায় সাড়ে ৭ কোটি টাকা ব্যয়ে পুনঃ নির্মাণাধীন পোর্ট রোডের মাঝখানে একটি স্থাপনা রেখেই নির্মাণকাজ এগিয়ে নোয়া হচ্ছে। বিষয়টি নিয়ে প্রকল্পের পরিকল্পনা, নকশা ও সংশ্লিষ্ট দপ্তরের মধ্যে সমন্বয়ের প্রশ্ন উঠেছে।

দেশের দ্বিতীয় বৃহত্তম এ নদী বন্দরের জনগুরুত্বপূর্ণ এ সড়কটির নির্ধারিত অংশের মধ্যেই একটি লোকান ঘর রেখে রাস্তাটির ঢালাইয়ের প্রকৃতি নেয়া হচ্ছে। এতে সড়কের নির্ধারিত প্রশস্ততা কমে যাওয়ার পাশাপাশি ভবিষ্যতে যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা

সরেজমিনে দেখা গেছে, পোর্ট রোডের একটি অংশে সড়কের ওপর রডের জাল বিছিয়ে আরসিসি রাস্তা জানিয়েছেন স্থানীয় সাধারণ মানুষ সহ পরিবহন নির্মানে ঢালাইয়ের প্রকৃতি নেয়া হচ্ছে। অথচ বিশেষজ্ঞগনও বিষয়টি ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

৩ মাস কম হতে পারে বৃষ্টিপাত, ঘূর্ণিঝড় হওয়ার শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক

সেপ্টেম্বর ও অর্থিক অনিয়মের নানা অভিযোগে তিন মাস দেশে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টিপাত হতে পারে। এসময় বঙ্গোপসাগরে চার থেকে ছয়টি লঘুচাপ সৃষ্টি হতে পারে। এর মধ্যে দু-একটি নিম্নচাপে পরিণত হওয়ার এবং একটি ঘূর্ণিঝড়ে রূপ নেওয়ার শঙ্কা আছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের মৌসুমি পূর্বাভাসে এসব তথ্য জানানো হয়েছে। অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত আগস্টে সারাদেশে স্বাভাবিকের তুলনায় ৫ দশমিক ৭ শতাংশ কম বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। তবে বিভাগভেদে বৃষ্টির চিত্র ছিল ভিন্ন। চট্টগ্রাম ও মহম্মনসিংহ বিভাগে স্বাভাবিকের চেয়ে বেশি, সিলেট ও বরিশাল বিভাগে স্বাভাবিক এবং অন্যান্য বিভাগে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টিপাত হয়েছে। গত মাসে বঙ্গোপসাগরে চারটি লঘুচাপ সৃষ্টি হয়। সক্রিয় মৌসুমি বায়ুপ্রবাহ, সুস্পষ্ট ২ এর পাতায় দেখুন

নথুল্লাবাদ বাস মালিক সমিতির সভাপতি মোশাররফকে থানায় ডেকে জিজ্ঞাসাবাদ

কীর্তনখোলা রিপোর্ট

উদারবাজি ও অর্থিক অনিয়মের নানা অভিযোগে বরিশাল জেলা বাস মালিক গ্রুপের সভাপতি মোশাররফ হোসেনকে গভীর রাত পর্যন্ত থানায় ডেকে জিজ্ঞাসাবাদ করেছে পুলিশ। তিনি বরিশাল-৫ (সদর) আসনের সংসদ সদস্য ও রিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা অ্যাডভোকেট মজিবর রহমান হোসেনের তথ্য অনুযায়ী, গত ২৫ ও ২৬ আগস্ট বরিশালসহ দেশের বিভিন্ন রুটে বাস ওলটায় বন্ধ হয়ে যায়। এতে সাধারণ যাত্রীরা ভোগান্তিতে পড়েন। পুলিশের একটি দায়িত্বশীল সূত্রের দাবি, টার্মিনালে একক আধিপত্য বিস্তার, সংগঠনের অর্থিক অনিয়ম এবং

হোসেন বলেন, 'উপ-পুলিশ কমিশনার সুশান্ত স্যার আমাকে ডেকেছিলেন। মাহিভা গ্রমিকদের সঙ্গে যাতে বাস শ্রমিকদের কোনো গড়গোল না হয়, সে বিষয়ে বলেছেন। বিশেষ করে ভাই ভাইয়ের মধ্যে যাতে আর বিরোধ ২ এর পাতায় দেখুন

বিকলে বরিশাল মহানগর পুলিশ মোশাররফকে কোতোয়ালি মডেল থানায় ডেকে নেয়। সেখানে পুলিশ কর্মকর্তারা নথুল্লাবাদ বাস টার্মিনাল কাঁড়াবে পরিচালিত হয়েছে এবং বর্তমানে কাঁড়াবে চলছে-এসব বিষয়ে তাঁর কাছে জানতে চান। পরে রাত ১১টার দিকে তাঁকে ছেড়ে দেওয়া হয়। মোশাররফ

শত শত শিক্ষকের শিক্ষক, সচিব বাসার প্রখ্যাত বাংলা ভাষ্যপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রাহ্মদেহ কলেজ, বাংলা বিভাগের সাবেক শিক্ষার্থী গ্রন্থক এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রোগ্রামের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়সহঃ বিষয়ের প্রধান পদীক্ষক, সরকারি আদেলাবাদ কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিশা

সফর কোড: বরিশাল

01932-314219

ইসলামিয়া লাইব্রেরি

সফর কোড: বরিশাল

01711-264৭63

অংকুর লাইব্রেরি

সফর কোড: বরিশাল

01708-868515

অংকুর লাইব্রেরি

সফর কোড: বরিশাল

01708-868514

শ্রদ্ধাঙ্গুর লাইব্রেরি

সফর কোড: বরিশাল

01711-০47767

নিউ মাহবুব লাইব্রেরি

সফর কোড: বরিশাল

01763-107720

রহমান বুক হাউজ

সফর কোড: বরিশাল

01718-670945

মজুমদার লাইব্রেরি

সফর কোড: বরিশাল

01716-139268

অমৃত লাইব্রেরি

সফর কোড: বরিশাল

01719-408049

নিউ কলেজ লাইব্রেরি

সফর কোড: বরিশাল

01726-০74663

হুক লাইব্রেরি

সফর কোড: বরিশাল

01724-851658

আশরাফিয়া লাইব্রেরি

সফর কোড: বরিশাল

01717-488083

মাদ্রাসা পরিচালকের বিরুদ্ধে একাধিক শিক্ষার্থীকে নিপীড়নের অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর একটি মাদ্রাসার পরিচালকের বিরুদ্ধে একাধিক শিশু শিক্ষার্থীকে যৌন নিপীড়নের অভিযোগ উঠেছে। অভিযোগ উঠার পর থেকে মাদ্রাসাটির পরিচালক শফিকুল ইসলামকে পাওয়া যাচ্ছে না বলে জানিয়েছে পুলিশ। শনিবার দুপুরে ২ এর পাতায় দেখুন

যানজটে আটকা পড়ে অ্যাম্বুলেন্সেই প্রাণ গেল রোগীর

গৌরনদী প্রতিনিধি

বরিশাল থেকে এসে রাজধানী ঢাকায় ঢোকার পর তীব্র যানজটে আটকা পড়ে অ্যাম্বুলেন্সের ডেভরেই বিনাচিকিৎসায় মারা গেছেন আদুর রব সরদার (৬৭) নামে এক বৃদ্ধ। শনিবার (৫ সেপ্টেম্বর) দুপুরে রাজধানীর মগবাজার হয়ে মহাখালীর কলোরা হাসপাতাল (আইসিডিডিআরবি) পৌঁছানোর পথে ২ এর পাতায় দেখুন

সম্পাদকীয় কৃষিতে প্রয়োজন আধুনিকায়ন

বাংলাদেশ কৃষিনির্ভর দেশ হওয়া সত্ত্বেও এ দেশের কৃষি খাত বছরের পর বছর ধরে অবহেলিত। কৃষক তাঁর ফসলের ন্যায্য মূল্য পান না। সার-বীজের উচ্চমূল্য। মধ্যবৃত্তভোগীদের দাপটের মুখে বলা চলে দেশের কৃষকসমাজ জিম্বি হয়ে আছে। আরো যে বিষয়টি লক্ষণীয় তা হলো, যে কৃষক মাথার খাম পায়ে ফেলে, জমিতে হাড়ভাঙা খাটনি খেটে ফসল ফলান, তাঁর সামাজিক মর্যাদা হওয়ার কথা ছিল ওপরের সারিতে। কিন্তু আমাদের সমাজে সেটিও অনুপস্থিত। এসব কারণে অনেক কৃষক নিজে কৃষিকাজ করলেও তিনি চান না তাঁর সন্তানরাও একই কাজ করুক। ফলে চাষাবাদ ছেড়ে একটি প্রজন্ম শহরমুখী হয়ে উঠেছে। এতে কৃষিকাজকে কমে আসছে শ্রমশক্তি, মানুষশূন্য হয়ে পড়ছে গ্রামীণ সমাজ। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, কৃষিকাজে শ্রমিকসংকটের নানামুখী নেতিবাচক প্রভাব রয়েছে। বিষয়টি আমাদের গ্রামীণ অর্থনীতি, কৃষিপণ্য উৎপাদন–সার্বোপরি দেশের খাদ্য নিরাপত্তার জন্যও গুরুতর পরিস্থিতি সৃষ্টমানো দেচ্ছে। সাম্প্রতিক বছরগুলোতে দেখা গেছে, গ্রামে ধান কাটার সময় শ্রমিক পাওয়া যায় না। বিশেষ করে হাওরাঞ্চলে বোরো ধান কাটার সময় উজানের পলিতে ফসল ভুবে যাওয়ার মুহূর্তে এই সংকট প্রকট হয়ে দেখা যায়। আনাদিকে বরেন্দ্র অঞ্চলে ত্রাশস্ত্র পানির স্তর নিচে নেমে মাওয়ায় সেচিভর্ত্ত কৃষি দিল দিন নয়রফলা ও অনিশ্চিত হয়ে পড়ছে। এ কারণে ওই অঞ্চলের তরুণদের একটি বড় অংশ কৃষিকাজ ছেড়ে বিকল্প কর্মসংস্থানের আশায় শহরমুখী হচ্ছে। পরিসংখ্যান বলছে, ২০০৩ সালে দেশের মোট কর্মশক্তি ৫১.৭ শতাংশ কৃষিতে নিয়োজিত ছিল। কৃষিতে যাক্ষিকরপন শুরু হওয়ার ২০০৫-০৬ সালে এই হার সাময়িকভাবে ক্রিটাত। কমে ৪৮ শতাংশে দাঁড়ায়। অপর তেরি পোশাক শিল্প ও সেবাসহ অন্যান্য খাতে কর্মসংস্থানের সুযোগ বাড়তে থাকায় কৃষিতে নিয়োজিত শ্রমিকের হার আরো কমে আসে। শিল্প খাতের প্রসারের ফলে ২০১৫-১৬ সালে এই হার নেমে দাঁড়ায় ৪২.৭ শতাংশ। তবে ২০২২ সালে করোনো মহামারির হার রিভার্স মাইগ্রেশনের কারণে অনেক শ্রমিক আবার কৃষিতে ফিরে আসায় কৃষি খাতে শ্রমিকের সংখ্যা বেড়ে ৪৫.৪ শতাংশে উন্নীত হয়। বর্তমানে দেশের মোট শ্রমশক্তির প্রায় ৪৫ শতাংশ কৃষিতে নিয়োজিত। কৃষককে সন্তান শরিফুল ইসলামের ভাষ্য, ‘কৃষি এখন অপেক্ষের কাছে অলাভজনক পেশা।’ তাঁর ভাষায়, ‘সার, বীজ, কীটনাশক ও সেচের খর্য প্রতিকল্পের ব্যয়কে, কিন্তু ফসলের দাম সে অনুপাতে বাড়ছে না। ফলে ঝুঁকি বেশি, প্রতিদান কম—এমন ধারণা তৈরি হয়েছে তরুণদের মধ্যে।’ এদিকে কৃষি অর্থনীতিবিদ ড. জাহাঙ্গীর আলম খান মনে করেন, ‘একটি দেশে শ্রমজীবীদের প্রচুর ধারায় কৃষি শ্রমিক ধীরে ধীরে কৃষি থেকে বেরিয়ে উচ্চমূল্যের চাকরি ও ব্যবসায় যুক্ত হন। ফলে সময়ের সঙ্গে কৃষিতে নিয়োজিত শ্রমিকের সংখ্যা কমে আসে এবং কৃষিতে যাক্ষিকরপণের প্রয়োজন বাড়ে।’ উন্নত বিশ্বেও একই ধরনের পরিবর্তন ঘটেছে।’ তাঁর মতে, কৃষিকে শ্রমিকের সংখ্যা কমে যাওয়া কোনো সমস্যা নয়, যদি তার সঙ্গে সামকাল্য রেষে কৃষিকে যাক্ষিকরপন বাড়ে; বরং শ্রমিকের সংখ্যা হ্রাসের মাধ্যমে পূরণ করাই উন্নয়নের স্বাভাবিক পথ।’ বাংলাদেশ অত্যন্ত উর্বর ভূমির দেশ। এ দেশে কৃষি খাতে অগার সম্ভাবনা রয়েছে। প্রয়োজন শুধু সঠিক পরিকল্পনার মধ্য দিয়ে সেগুলোর স্ব্যাব্য বান্ধাবান। আমরা মনে করি, আর্থনিক প্রগুতির সম্বেদন খাটিয়ে কৃষকে যুগোপযোগী হিসেবে গড়ে তোলা এখন সময়ের দাবি। কৃষি দেশে একটি দ্রাভজনক কর্মকাণ্ড হয়, তা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে বদলাতে হবে কৃষকসমাজকে মূল্যায়নের দৃষ্টিভঙ্গিও।

বিরোধী দলের সহযোগিতা চাইলে

বিরোধী দলকে দমন নিপীড়ন করা হচ্ছে। আমাদের আঘাত দিলে পালাটা আঘাতের জন্য প্রস্তুত থাকুন। বিরোধী দলের সহযোগিতা চাইলে ৬ দকার প্রতিটি দফা মেনে নিন। শনিবার (৫ সেপ্টেম্বর) বিকালে ঢাকা থেকে চট্টগ্রাম অভিমুখে ১১ দলীয় এক্কার লম্বাচে ফেনীর পথসভায় তিনি এ কথা বলেন। ফেনী জেলা জামায়াতের আমির মুফতি আবদুল হায়্যানের সভাপতিত্বে ও সেক্রেটারী আবদুর রহমানের সঞ্চালনায় আয়োজিত অনুষ্ঠানে তিনি আরও বলেন, পথসভায় অভূতপূর্ব সাড়া পাচ্ছি। এতে সরকারের বুকে নেয়া উচিত মানুষ কি চায়। গণঅভ্যুত্থানকাল আশা করেছিলাম দেশে দুনীতি থাকবে না, চাঁদাবাজ সন্ত্রাস থাকবে না। প্রত্যেকের কর্মসংস্থান নিশ্চিত হবে। কিন্তু দেখছি বিএনপি সরকার নির্বাচিত হওয়ার পর একটি প্রতিশ্রুতিও রক্ষা করেনি। বরং ক্ষমতায় যাওয়ার পর বিদ্মূণ ও গ্যাস সংকটে মানুষের কর্মসংস্থান কেড়ে নেওয়া হচ্ছে। দেশ উত্তোপথে যাত্রা শুরু করেছে বলেই আমরা লম্ঘাচ করতে বাধ্য হচ্ছি। পথসভায় বিশেষ অতিথি ছিলেন- লিবারেল ডেমোক্র্যাটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদ, এনসিপির মুখ্য সমন্বয়ক নাথির উদ্দিন পাটোয়ারী, ক্যান্সার খেলোফত মজলিসের আমীর মামুনুল হক, জামায়াতের কেন্দ্রীয় সেক্রেটারী জেনারেল গোলাম পরওয়ার, এবি পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু প্রমুখ।

আপনারা দেশ ধ্বংস করবেন

ধ্বংস করবেন, সর্বপাশেই আপনারা বেপরোয়া-নির্লজ্জ-বেহায়াপনা করবেন; আর বিরোধী দল বসে বসে আঙুল চুষবে? বিরোধীদের দায়িত্ব হচ্ছে যেখানেই জনগণের অধিকার নিয়ে টান দেওয়া হবে; সেখানেই গর্জন করা; সেখানেই বাধা দেওয়া; সেখানেই প্রতিরোধ গড়ে তোলা। তিনি বলেন, আপনারা জনগণের অধিকার নিয়ে টান দিলে বিরোধীদল কঠোরভাবে তা প্রতিরোধ করবে। আমরা দলীয় দাবি নিয়ে রাস্তায় নামি নাই। দেশে আমার নেতৃবৃন্দ ফ্যাসিবাদের পদধ্বনি শোনা যাচ্ছে। নতুন করে কেউ ফ্যাসিবাদ হওয়ার চেষ্টা করবেন না। এর পরিণাম ভয়াবহ হবে। শনিবার (৫ সেপ্টেম্বর) বিকালে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের ফেনীর মহিগালে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় এক্যাভোরেটর ঢাকা-চট্টগ্রাম লম্বাচেরে পথসভায় তিনি এসব কথা বলেন। শফিকুর রহমান বলেন, ৬ মাস গিয়েছে ১টি বিচারেরও কোনো অগ্রগতি নেই। যা হয়েছিল কয়োরটেকার সরকারের সময় ওটুকুই। এখন লেংরা-লুলা হয়ে বসে আছেেন। জনগণ জানে না তাদের প্রাণের দাবি এ বিচারগুলোর কী হলো। তিনি বলেন, আমরা সবাই ২টি ভোট দিয়েছি। একটি হচ্ছে সংসদ সদস্য নির্বাচনের ভোট; অপরটি হচ্ছে বাংলাদেশের সংস্কার এবং মেয়াদে করার জন্য গণভোট। সরকারি দল এবং আমরা উভয়ে বলেছি: গণভোটে হ্যাঁ বিজয়ী হলে আমরা তা মেনে নেবো এবং তা বাস্তবায়ন করবো। সরকার এখন গণভোতের রায় না মেনে বিশ্বাস ঘাতকতা করছে। জনগণের এ দাবি মেনে নেওয়া জনগণের প্রতি কোনো অমুহূহ নয়। এটি হচ্ছে ওয়াদার বাস্তবায়ন। জামায়াত আমির বলেন, দেশের বাহিরে আমাদের কোনো পিসির বাড়ি নেই। আমাদের কোনো দাদা বাবুর বাড়ি নেই। আমাদের এ বাংলাদেশ গর্বের বাংলাদেশ। এটি আমাদের গর্বের ঠিকানা। আমাদের ওপর অভ্যচারের সিম বোলার চালানো হয়েছে। আমরা কোনো দাদার বাড়ি-পিসির বাড়ি খুঁজিনি। দেশ ছাড়িনি। মাটি কামড় দিয়ে দেশের মাটিতে ছিলাম। জনগণের সঙ্গে সুখে দুঃখে ছিলাম। এসময় তিনি সমাবেশে আগত যুবকদের উদ্দেশ্যে বলেন, আমাদের জীবনে যা পাবার পেয়ে গেছি। এখন আমাদের তামাম প্রচেষ্টা তোমাদেশে জন্য। তোমাদের ভবিষ্যৎ গড়ার জন্য কাজ করতে করতে অল্লাহর কাছে চলে যেতে চাই। তোমাদের হয়ে মরবো। এমন একটি বাংলাদেশে তোমাদের হাতের উপর তুলে দেবো; যেখানে কোনো মানুষ অল্লাহ ছাড়া কাউকে ভয় করবে না। ফেনী জেলা জামায়াতের আমির মুফতি আবদুল হায়্যানের সভাপতিত্বে ও সেক্রেটারী আবদুর রহীমের সঞ্চালনায় এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আন্ডার্যাক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

জাতিসংঘের অধিবেশনের আগে

তারেক রহমানের ভারত সফরের কোনো সম্ভাবনা নেই বলে মন্তব্য করলেও পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। তিনি বলেন, প্রধানামন্ত্রী জাতিসংঘের অধিবেশন থেকে ফিরে এলেই তার ভারত সফরের দিনক্ষণ ঠিক করা হবে। বাংলাদেশ একটি

শক্তিশালী পররাষ্ট্র নীতি অনুসরণ করছে জানিয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির বলেন, বর্তমান সরকারের প্রথম দিন থেকেই বৈশ্বিক সম্পর্কের ক্ষেত্রে ভারসাম্য বজায় রাখার নীতিকে গুরুত্ব দেওয়া হচ্ছে। শনিবার (৫ সেপ্টেম্বর) সিলেটে ইলেক্ট্রনিক মিডিয়া জার্নালিস্ট অ্যাসোসিয়েশন (ইমজা) কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, বৈজিং, ওয়াশিংটন, রিয়াদ ও মস্কোর সঙ্গে কৌশলগতভাবে সম্পর্কের ভারসাম্য রক্ষা করে দ্বিপাক্ষিক সম্পর্ক এগিয়ে নিচ্ছে সরকার। গত ছয় মাসে বৈশ্বিক পরিমণ্ডলে বর্তমান সরকারের দৃশ্যমানতা এবং কৌশলগত গুরুত্ব সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। এ সাফল্য মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের ভবিষ্যৎ অংশীদারত্ব ও কৌশলগত সম্পর্কের ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলেছে। এছাড়া ভূটান, বাহরাইন ও শ্রীলঙ্কার মতো দেশগুলোর সঙ্গেও বাংলাদেশ তার পররাষ্ট্রনীতি নিয়ে কাজ করছে। জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের সফল ভূমিকার কথা উল্লেখ করে তিনি বলেন, শান্তিরক্ষায় আমরা বিশেষজ্ঞ। বিশ্বজুড়ে আমাদের একটি অত্যন্ত দক্ষ সশস্ত্র বাহিনী রয়েছে, যা আন্তর্জাতিক রাজনৈতিক ব্যবস্থার অগ্রগতিতে ভূমিকা রাখছে। সরকারের দীর্ঘমেয়াদি পররাষ্ট্রনীতির মূল ভিত্তি বাংলাদেশ ফোর্স্ট উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, বর্তমানে বিমানখাতে সুবিধা সীমিত হলেও ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশের অত্যন্ত কৌশলগত গুরুত্ব রয়েছে। রুট বা আকাশপথ হারানোর কারণে বাংলাদেশে বিপুল পরিমাণ রাজস্ব হারাচ্ছে। তাই ব্যবসায়িক যৌক্তিকতা বিবেচনা করে বাংলাদেশকে একটি ‘এভিয়েশন হাব’ বা বিমান চলাচলের অন্যতম প্রবেশদ্বার হিসেবে গড়ে তোলা প্রয়োজন।

দেশের যেকোনও সংকটে

সংকটকালে দেশের মানুষ বিএনপির ওপর অস্থা রেখেছে। নেতাকর্মীদের নিয়ে কাজ করে অতীতের বিভিন্ন সংকট মোকাবিলা করা হয়েছে। বর্তমানে দেশের সবচেয়ে বড় সমস্যা জ্বালানি সংকট। আমরা তা অস্বীকার এরছি না। তবে বৈশ্বিক কারণেই এই সংকট তৈরি হয়েছে। তারপরও ভবিষ্যতে এ ধরনের সমস্যায় যাতে পড়তে না হয়, সে জন্য মহাপরিকল্পনা নিয়ে কাজ করা হচ্ছে। শনিবার (৫ সেপ্টেম্বর) বিকালে রাজধানীর খামারবাড়ীতে কৃষিবিদ ইনস্টিটিউটনে বিএনপির ৪৮-তম প্রতিষ্ঠাবার্ষিকী আয়োচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ভারপ্রাপ্ত হাসপাটির ফুল কবির রিজভীর সভাপতিত্বে সভায় কেন্দ্রীয় নেতারা বক্তব্য রাখেন। তারেক রহমান বলেন, ‘আপনারা জানেন, অতীতে দেশ কীভাবে চলেছে? মানুষের গণতান্ত্রিক অধিকার হরণ করা হয়েছিল। অর্থনৈতিক ভিত্তি দুর্বল করে দেওয়া হয়েছিল। তাই অতীতের মতো বিগত নির্বাচনেও জনগণ বিএনপিকে সংখ্যাগরিষ্ঠ আসনে ভোট দিয়ে সরকার গঠনের সুযোগ দিয়েছে।’ তিনি বলেন, ক্ষমতায় আসার পর একই ভঙ্গুর অর্থনীতি পাওয়া গেছে। যুদ্ধের কারণে জ্বালানি ও বিদ্যুৎ সংকট তৈরি হয়েছে। তবে অচিরেই এই সংকটের সমাধান হবে কোলোও আশাবাদ ব্যত্ করবেন তিনি।

যানজটে আটকা পড়ে

‘তার মত্বা হয়। তিনি বরিশালের পৌনান্দী উপজেলার মাহিলাড়া ইউনিয়নের পূর্ব বেজহার গ্রামের বাসিন্দা এবং বিজি প্রেসের অসরপ্রাপ্ত কর্মচারী ছিলেন। নিরপে্রে ছেলে করুণের সদার জানান, গত বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) তার বাবা হঠাৎ ডায়রিয়ায় আক্রান্ত হলে তাকে পৌরান্দী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। শনিবার (৫ সেপ্টেম্বর) সকালে অবস্থার অবনতি হলে চিকিৎসকরা তাকে উন্নত চিকিৎসার জন্য শ্রীমান্তরের (রেফার) পরামর্শ দেন। সকাল সাতটা আঁচা পড়ে থাকে তাদের অ্যাম্বুলেন্সে করে ঢাকার মহাখালী আইসিডিডিআর’বি কেলেরা হাসপাতাল)-র উদ্দেশ্যে রওনা হন। তিনি অভিযোগ করে বলেন, হানিফ ফ্লাইভতার হয়ে ঢাকায় প্রবেশের পথে যানজটের বরলে পড়েন। মহাখালী মাওয়ার পথে একাধিক পরোলেতে তীব্র যানজটের কারণে প্রায় দেড় ঘণ্টা আঁচা পড়ে থাকে তাদের অ্যাম্বুলেন্সটি। দুপুর দেড়টার দিকে গাড়িটি যখন কেলেরা হাসপাতাল)-র গেটে পৌঁছায়, ততক্ষণে অ্যাম্বুলেন্সের ভেতরেই তা তার বাবার শেষ নিশ্বাস ত্যাগ করেন। সময়মতো হাসপাতালে পৌঁছাতে পারলে বাবাকে বিচানো সম্ভব হতো বলে কল্লাজড়িত কর্তৃ জ্ঞানমান তিনি। এ বিবরণে পৌনান্দী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক টিপু সুলতান বলেন, ‘রোগীর অবস্থা আশঙ্কাজনক থাকায় আমরা তাকে দ্রুত বরিশাল হেই-বাংলা মেডিকেল কলেজ (বোবাচিম) হাসপাতালে নেওয়ার পরামর্শ দিয়েছিলাম। তবে স্বজনরা ঝুঁকি নিয়ে তাকে সরাসরি ঢাকায় নিয়ে যায়।’

মাদ্রাসা পরিচালকের বিরুদ্ধে একাধিক

নগরীর সিএবডি রোডের ২২ নম্বর ওয়ার্ডের কাজীপাড়া তেমাথা এলাকার সোমালয় ভবন-৩-এ অবস্থিত তাহফিজুল মিল্লাত মডেল মাদ্রাসায় এ অভিযোগের বিষয়টি সামনে আসে। শফিকুল ইসলাম ওই মাদ্রাসার পরিচালক। কোম্বাখালী মডেল থানার পরিদর্শক (তদন্ত) লুৎফের রহমান জানান, একটি অভিযোগের ভিত্তিতে পুলিশ মাদ্রাসায় যায়। তবে সেখানে গিয়ে পরিচালক শফিকুল ইসলামকে পাওয়া যায়নি। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি। এক শিক্ষার্থীর অভিভাবক অভিযোগ করেন, গোপন সূত্রে বিষয়টি জানতে পেরে তিনি মাদ্রাসায় আসেন। সেখানে এসে কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে পরিচালকের অনৈতিক আচরণের অভিযোগের কথা জানতে পারেন। তিনি অভিযোগটির সৃষ্ট তদন্ত এবং দায়ী ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান। ওই অভিভাবকের ভাষ্য, মাদ্রাসা ভবনের বাড়িওয়ালার সঙ্গেও তিনি বিষয়টি নিয়ে কথা বলেছেন। বাড়িওয়ালা পরিচালকের সঙ্গে যোগাযোগ করে সন্ত্কার মধ্যে তাকে উপস্থিত হতে বলেছেন বলে দাবি করেন তিনি। অন্যথায় মাদ্রাসা বন্ধ করে দেওয়ার কথা বলা হয়েছে বলেও জানান ওই অভিভাবক। মাদ্রাসার শিক্ষক মো. বাসেমলামিক জানান, প্রতিষ্ঠানটির হেফজ বিভাগে ১৫ জন, নাজেরা বিভাগে ১৫ জন, নুরানি বিভাগে ৬০ জন এবং মহিলা মাদ্রাসায় ১৫ জন শিক্ষার্থী রয়েছে। তিনি বলেন, শিক্ষার্থীরা শিশু এবং অভিভাবকেরা তাদের শিক্ষার জন্য শিক্ষকদের ওপর অস্থা রেখে মদ্রাসায় পাঠান। কোনো শিক্ষক অনৈতিক বা অমৈসলামিক আচরণ করলে তার নেতিবাচক প্রভাব শিশুদের ওপর পড়তে পারে। এ ধরনের অভিযোগের ক্ষেত্রে অভিভাবকদের সতর্ক থাকা এবং বিষয়গুলো খতিয়ে দেখা প্রয়োজন বলেও মন্তব্য করেন তিনি। অভিযোগকারী এক শিক্ষার্থী জানান, সমজান মাসে রাতে ইফতারের পর দুমাতো যাওয়ার সময় তাকে একটি কক্ষে ডেকে নেওয়া হয়। সেখানে তাকে অস্ত্রীল ভিডিও দেখানো এবং শরীরের স্পর্শকাতর স্থানে হাত দেওয়ার অভিযোগ করে ওই শিক্ষার্থী। পরে তার সঙ্গে যৌনি নিপীড়ন করা হয় বলেও অভিযোগ করে সে। ওই শিক্ষার্থী জানান, শিক্ষককে সম্মান করার কারণে এবং পরিবেশের কথা চিন্তা করে সে বিষয়টি কাউকে জানাতে সাহস পায়নি। অপর এক শিক্ষার্থী অভিযোগ করে, এমন ঘটনার শিকার হলে তার মানসিকভাবে চরম বিপর্যস্ত লাগত এবং বেঁচে থাকার ইচ্ছাও হারিয়ে ফেলেতে ইচ্ছে করত। এদিকে মাদ্রাসার পাশের এক প্রতিবেশী বানী বলেন, আমি তিনি নিজের সন্তানকে ওই মাদ্রাসায় পড়ানোর কথা ভাবলেও অভিযোগের পর এখন আর সেখানে সন্তানকে দেওয়ার অগ্রহ নেই।

নগরীর পোর্টারোডে স্থাপনা রেখেই

নিয়ে বরিশালের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. মামুন খন্দকার সরজমিনে ঘণীনস্থল পরিদর্শন করে সংশ্লিষ্টদের সাথে কথা বলেছেন। এ প্রসঙ্গে জেলা প্রশাসক গনমাধ্যমকে জানান,

“স্থাপনাটি রাস্তার মধ্যেই পড়েছে। রাস্তার এলাইনমেন্ট অনুযায়ীই সড়ক নির্মাণ করা হবে। সেখানে কোনো অবৈধ স্থাপনা থাকলে তা অবশ্যই অপসারণ করা হবে।” তিনি জানান, ‘বিষয়টি নিয়ে বিআইডব্লিউটিএ’র সঙ্গে কথা হয়েছে এবং স্থাপনাটি অপসারণের জন্য বলা হয়েছে। বিআইডব্লিউটিএ স্থাপনাটি অপসারণ না করলে জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে’ বলেও জানান জেলা ম্যাজিস্ট্রেট মামুন খন্দকার। গত ৭ ডিসেম্বর প্রকল্পটির ভিত্তিপ্রস্তর স্থাপন ও নির্মান কাজের আণুষ্ঠানিক সূচনা করেন তৎকালীন নৌ পরিবহন উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল(অবঃ) সাখাওয়াত হোসেন। প্রকল্পের আওতায় টেকসই আরসিসি সড়ক নির্মাণের পাশাপাশি দুই পাশে ড্রেনেজ ব্যবস্থা করার পরিকল্পনা রয়েছে। কিন্তু নির্মান প্রতিষ্ঠানের কাজের ধীর গতির কারণে তা সময়মত শেষ হচ্ছে না। তবে সবচেয়ে বিষয়কর বিষয় হচ্ছে, সড়ক নির্মাণের আগে রাস্তার এলাইনমেন্টের মধ্যে যেসব স্থাপনা রয়েছে তা অপসারন করা হয়নি। এমনকি বিতর্কিত স্থাপনাটি অপসারণে প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হয়েছিল কি না—এ প্রশ্নেরও স্পষ্ট জবাব মিলছে না বিআইডব্লিউটিএ’র সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছ থেকে। তবে বিষয়টি নিয়ে বরিশাল বন্দর কর্মকর্তা মো. আসাদুজ্জামান জানান, এক সময়ে বরিশাল বন্দরের একটি টার্মিনাল বর্তমানের উত্তর প্রান্তে ছিল। তখন সেখানে পোট রোডের পাশে একটি টিকেট ঘন নির্মান করা হয়েছে। সময়ের পরিবর্তনে বন্দরটি দক্ষিণে সরিয়ে আনার পরে সেখানে ঐ টিকেট ঘরটি থেকে যায়। এবং কতৃপক্ষ তা বাৎসরিক ইজারার ভিত্তিতে এক ব্যক্তিকে লীজ রদান করেন। নতুন করে সড়কটি স্থাপন রয়েছে তা অপসারন করা হচ্ছে। ফলে সেই টিকেট কাউন্টারটি এখন রাস্তার মূল অংশে চলে এসেছে। বিষয়টি কতৃপক্ষকে অবহিত করে সিদ্ধান্ত চাওয়া হয়েছে। যে সিদ্ধান্ত অসম্মে, সে অনুযাী কাজ হবে বলেও জানান তিনি। অন্যদিকে নির্বাহী প্রকৌশলী মো. আজাদ হোসেনের কাছে জল্পিত চাইলে তিনি বলেন, ‘সড়কের মধ্যে থাকা দোকানটি বিআইডব্লিউটিএ’র স্থাপনা’। কেন সেটি সড়কের মধ্যেই রয়েছিল—এ প্রশ্নের জবাবে তিনি ‘বিষয়টি বন্দর কর্মকর্তা ভালো জানেন’ বলে জানান। এ ব্যাপারে বরিশাল বিভাগ উন্নয়ন ও স্বার্থ সংরক্ষণ কমিটির সভাপতি নজরুল ইসলাম খান রাজন বলেন, ‘মানুষের চলাচল সহ সুসু াঠ পরিবহন ব্যবস্থায় বিয়ু সৃষ্টি করে এমন কোনো স্থাপনা থাকলে তা অপসারণ করতে হবে। সংশ্লিষ্ট স্থাপনার বিধেরও প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার দাবী জানান তিনি। এর সঙ্গে কোনো প্রভাবশালী ব্যক্তি কিবাা সংশ্লিষ্ট কেউ জড়িত রয়েছে কি না, সেটিও খতিয়ে দেখা হবে বলে জানান তিনি।

বিএনপি নেতার বিরুদ্ধে

তিনি চরমেস্তাজ ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি। জমিজমা-সংক্রান্ত বিরোধের জেরে আদালতে করা মামলার আসামি হিসেবে তার ছেলে কাউসার খান ও নাতি মোকসেদুলকে গ্রেফতার করে পুলিশ। যে মামলার আসামিদের গ্রেফতার করা হয়েছিল, ওই মামলার বাদী আবদুল কাইয়ুম সিকদারের ভাষ্য, গত ৩০ আগস্ট বিএনপি নেতা ইদ্রিস খানের নেতৃত্বে তাঁদের ওপর হামলা হয়। এ ঘটনায় ৩১ আগস্ট তিনি বাদী হয়ে রাঙ্গাবালী সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে একটি মামলা করেন। মামলার ইদ্রিস খানসহ ১৩ জনকে আসামি করা হয়। পরে আদালত আসামিদের বিরুদ্ধে গ্রেতারি পরোয়ানা জারি করেন। স্থানীয় লোকজন বলছেন, শুক্রবার দুপুরে রাঙ্গাবালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. জসীম উদ্দিনসহ পূিচজন পুলিশ সদস্য এলাকায় গিয়ে মামলার আসামি কাউসার খান ও মোকসেদুলকে গ্রেফতার করেন। পরে মোকসেদুলকে ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটে। পুলিশ শুধু কাউসার খানকে থানায় নিয়ে যায়। এলাকাটি দুর্গম চরাঞ্চল হওয়ায় কিছু নারী-পুরুষ আসামিদের পক্ষে অবস্থান নিয়ে পুলিশের সঙ্গে বামেলায় জড়ান বলে জানান মামলার তদন্তকারী কর্মকর্তা রাঙ্গাবালী থানার উপপরিদর্শক রেজাউল শেখ। গ্রেফতার কাউসার খানকে থানায় আনার পর শনিবার আদালতে পাঠানো হয়েছে। ছিনিয়ে নেওয়া আসামিসহ অন্য আসামিদের গ্রেস্তারে অভিযান চালানো হবে। গ্রেফতার কাউসার খানের স্ত্রী ফাহেমা বেগমের ভাষ্য, শুক্রবার তাঁর স্বামী ও মোকসেদুল মসজিদে নামাজ পড়ছিলেন। তখন পুলিশ নামাজ পড়তে বাধা দিয়ে তাঁর স্বামীর হাতে হাতকড়া পরায়। পুলিশের কাছে গ্রেস্তারের কাগজ দেখতে চাইলেও তারা দেখাতে পারেনি। এ জন্য তাঁরা বাধা দিয়ে মোকসেদুলকে পুলিশের কাছ থেকে ছাড়িয়ে নেন। তবে তাঁরা পুলিশের ওপর হামলা করেননি। আসামি ছিনিয়ে নেওয়ার অভিযোগ অস্বীকার করেছেন বিএনপি নেতা ইদ্রিস খান। তাঁর ভাষ্য, তিনি অসুস্থ থাকায় এখন এলাকায় অবস্থান করছেন না। পুলিশের কাছ থেকে আসামি ছাড়িয়ে নিতে তিনি কাউকে কোনো নির্দেশ দেননি। পুলিশ অন্যা়ভাবে মসজিদে নামাজ পড়া অবস্থায় তাঁর ছেলে কাউসার ও নাতি মোকসেদুলকে গ্রেফতার করে। এ সময় তাঁর নাতি পুলিশের কাছ থেকে পালিয়ে যায় বলে তিনি গুনছেন।

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে বরিশাল

সমাবানি মেলেনি। শুক্রবার বিকালে ছাতিমতলার একটি দোকানে বিষয়টি মীমাংসার জন্য উভয় পক্ষ বসলে সেখানে নতুন করে ধাওয়া পাল্টা ধাওয়া ও মারামারি বন্ধ হয়। ঘটনার জের ধরে রাত ১০টার দিকে পরিস্থিতি আরও উত্তণ্ড হয়ে ওঠে। সমাজবিজ্ঞান ও অর্থনীতি বিভাগের সাথে কেমিস্ট্রি এবং মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরাও যোগ দিলে বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকায় শ’খানেক শিক্ষার্থীর মধ্যে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। এ বিষয়ে সহকারী প্রক্টর ড. গাজী সাখাওয়াত হোসেন মুঠোফোনে জানান, খবর পেয়ে তারা দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেন।বরিশাল মেট্রোপলিটন বন্দর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইসলামুল হোসেন জানান, দুই গ্রুপ মুখোমুখি অবস্থানে ছিল। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সাথে পুলিশ সমন্বিতভাবে কাজ করছে।

বাকেরগঞ্জের গৃহবধুকে

(ভিডিও ধারনকারী) তাত্ক্ষনিক নির্যাসনের হাট থেকে সুমি আভারকে উদ্ধার করতে এগিয়ে আনেননি তা নিয়েও প্রশ্ন উঠেছে। পাশাপাশি এ ঘটনার সৃষ্ট তদন্ত করে যাতক রাসেল হাওলাদারের সর্বোচ্চ শাস্তির দাবি জানিয়েছেন নিহতের পরিবারের সদস্যরা।

ভূমি অফিসের কর্মকর্তা-কর্মচারীদের

জীবন, জীবিকা ও সম্পদের সঙ্গে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত একটি গুরুত্বপূর্ণ সরকারি কার্যক্রম। এ কার্যক্রমে স্বচ্ছতা, নিরপেক্ষতা, জবাবদিহি ও জনবান্ধব সেবা নিশ্চিত করতে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সৃষ্ট ও সম্যোপযোগী পদায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এতে বলা হয়েছে, একই কর্মস্থলে দীর্ঘদিন দায়িত্ব পালনের ফলে স্থানীয় পর্যায়ে অতিরিক্ত ব্যক্তিগত যোগাযোগ ও স্বার্থসংশ্লিষ্টতা গড়ে ওঠার সম্ভাবনা থাকে। কোনো কোনো ক্ষেত্রে এটি দায়িত্ব পালনের নিরপেক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহি ব্যাহত করতে পারে। বিশেষত ভূমি ব্যবস্থাপনার মতো জনগুরুত্বপূর্ণ ও সংবেদনশীল কার্যক্রমে নিয়মিত পদায়ন বা রোটেশনের মাধ্যমে এ ধরনের ঝুঁকি কমানো এবং প্রশাসনিক গতিশীলতা বজায় রাখা সমীচীন। পরিপূরে আরও বলা হয়, সরকারের পরিবর্তনের মাধ্যমে দায়িত্ব পালনের সুযোগ সৃষ্টি করা প্রয়োজন। এ দল্কে প্রত্যেক বিভাগীয়

কমিশনার ও জেলা প্রশাসক নিজ নিজ অধিক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের নাম, পদবি, বর্তমান কর্মস্থল, বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ এবং কর্মকাল উল্লেখ করে একটি হালনাগাদ তালিকা প্রস্তুত করবেন। তালিকা পর্যালোচনা করে একই কর্মস্থলে তিন বছর বা তদূর্ধ্বকাল কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পর্যায়ক্রমে বদলি বা কর্মস্থল পরিবর্তনের জন্য প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা নিতে হবে। তবে, কোনো কর্মকর্তা-কর্মচারীকে তিন বছর পূর্ণ হওয়ার আগেও প্রশাসনিক প্রয়োজন, জনস্বার্থ, পৃথ্বলা, অভিযোগ, কর্মদক্ষতা বা অন্য কোনো সুনির্দিষ্ট ও যৌক্তিক কারণে বদলি বা কর্মস্থল পরিবর্তনের প্রয়োজন হলে প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যাবে বলে পরিপূরে উল্লেখ করা হয়েছে। এ অবস্থায় বিষয়টি নিয়মিত প্রশাসনিক কার্যক্রমের অংশ হিসেবে বিবেচনা করে ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে একই কর্মস্থলে তিন বছর বা এর বেশি সময় ধরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পর্যায়ক্রমে বদলি বা কর্মস্থল পরিবর্তনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে।

৩ মাস কম হতে পারে

লঘুচাপ ও নিম্নচাপের প্রভাবে বিভিন্ন সময়ে দেশে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হয়। এসময় দৈনিক বরোজন বৃষ্টিপাত ১৯৮ মিলিমিটার রেকর্ড করা হয় হাতিয়ায়। দেশের বিভিন্ন স্থানে ১০ থেকে ১২ ও ২২ এবং ২৬ থেকে ৩০ আগস্ট মৃদু তাপপ্রবাহ বয়ে যায়। একই মাসে ২৭ আগস্ট দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় রাজশাহীতে। ৭ আগস্ট সর্বনিম্ন ২২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা যায়া নারায়ণগঞ্জে। আগস্টে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে যথাক্রমে শূন্য দশমিক ৮, শূন্য দশমিক ৫ ও শূন্য দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস বেশি ছিল। আগামী তিন মাস দেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টিপাত স্বাভাবিকের তুলনায় কম হতে পারে। ঢাকা: সেপ্টেম্বরে স্বাভাবিক ২৬৩ মিলিমিটারের বিপরীতে ২৫০-২৮০ মিলিমিটার, অক্টোবরে স্বাভাবিক ১৬০ মিলিমিটারের বিপরীতে ১৪০-১৮০ মিলিমিটার এবং নভেম্বরে স্বাভাবিক ২৬ মিলিমিটারের বিপরীতে ২০-৩০ মিলিমিটার বৃষ্টিপাত হতে পারে। ময়মনসিংহ: সেপ্টেম্বরে স্বাভাবিক ৩২১ মিলিমিটারের বিপরীতে ৩১০-৩৩০ মিলিমিটার, অক্টোবরে স্বাভাবিক ১৮০ মিলিমিটারের বিপরীতে ১৬০-২১০ মিলিমিটার এবং নভেম্বরে স্বাভাবিক ১৪ মিলিমিটারের বিপরীতে ১০-২০ মিলিমিটার বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। চট্টগ্রাম: সেপ্টেম্বরে স্বাভাবিক ৩৪৫ মিলিমিটারের বিপরীতে ৩৩০-৩৬০ মিলিমিটার, অক্টোবরে স্বাভাবিক ২২৬ মিলিমিটারের বিপরীতে ২০০-২৪০ মিলিমিটার এবং নভেম্বরে স্বাভাবিক ৩৯ মিলিমিটারের বিপরীতে ৩০-৫০ মিলিমিটার বৃষ্টি হতে পারে। সিলেট: সেপ্টেম্বরে স্বাভাবিক ৩৭১ মিলিমিটারের বিপরীতে ৩৬০-৩৮০ মিলিমিটার, অক্টোবরে স্বাভাবিক ১৮২ মিলিমিটারের বিপরীতে ১৬০-২২০ মিলিমিটার এবং নভেম্বরে স্বাভাবিক ২৫ মিলিমিটারের বিপরীতে ২০-৪০ মিলিমিটার বৃষ্টিপাত হতে পারে। রাজশাহী: সেপ্টেম্বরে স্বাভাবিক ২৬৭ মিলিমিটারের বিপরীতে ২৬০-২৮০ মিলিমিটার, অক্টোবরে স্বাভাবিক ১৩৪ মিলিমিটারের বিপরীতে ১২০-১৪০ মিলিমিটার এবং নভেম্বরে স্বাভাবিক ১২ মিলিমিটারের বিপরীতে ১০-২০ মিলিমিটার বৃষ্টির পূর্বাভাস রয়েছে। রংপুর: সেপ্টেম্বরে স্বাভাবিক ৩৮৬ মিলিমিটারের বিপরীতে ৩৭০-৩৯০ মিলিমিটার, অক্টোবরে স্বাভাবিক ১৫৫ মিলিমিটারের বিপরীতে ১৩০-১৮০ মিলিমিটার এবং নভেম্বরে স্বাভাবিক ৬ মিলিমিটারের বিপরীতে ৫-১৫ মিলিমিটার বৃষ্টিপাত হতে পারে। খুলনা: সেপ্টেম্বরে স্বাভাবিক ২৭৭ মিলিমিটারের বিপরীতে ২৭০-২৯০ মিলিমিটার, অক্টোবরে স্বাভাবিক ১৫০ মিলিমিটারের বিপরীতে ১২০-১৭০ মিলিমিটার এবং নভেম্বরে স্বাভাবিক ২৯ মিলিমিটারের বিপরীতে ২৫-৩৫ মিলিমিটার বৃষ্টি হতে পারে। বরিশাল: সেপ্টেম্বরে স্বাভাবিক ৩৮২ মিলিমিটারের বিপরীতে ৩২০-৩৪০ মিলিমিটার, অক্টোবরে স্বাভাবিক ২২৭ মিলিমিটারের বিপরীতে ২১০-২৪০ মিলিমিটার এবং নভেম্বরে স্বাভাবিক ৪৪ মিলিমিটারের বিপরীতে ৪০-৫০ মিলিমিটার বৃষ্টিপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে। আগামী তিন মাসে বঙ্গোপসাগরে চার থেকে ছয়টি ঘূর্ণিঝড় সৃষ্টি হতে পারে। এর মধ্যে এক-দুটি নিম্নচাপ এবং একটি মৃদুঝড় পরিণত হতে পারে। পূর্বাভাসে আগামী তিন মাসে দেশে তিন-পাঁচটি মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাবে পাশে বরিশাল কথা বলা হয়েছে। অধিদপ্তরের সংজ্ঞা অনুযায়ী, মৃদু তাপপ্রবাহে সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ থেকে ৩৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস এবং মাঝারি তাপপ্রবাহে ৩৮ থেকে ৩৯ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস হতে পারে। এছাড়া আগামী তিন মাসে দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি থাকার সম্ভাবনা ছিলিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এসময় দেশে ছয় থেকে ১০ দিন বজ্রঝড় হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া উত্তরের নদ-নদীর স্বাভাবিক প্রবাহ আগস্টের মতোই থাকার সম্ভাবনা রয়েছে।

আবহাওয়া অধিদপ্তরের এই পূর্বাভাস আগামী তিন মাসের সামগ্রিক আবহাওয়ার সম্ভাব্য চিত্র হলে ধরেলে। এটি কোনো নির্দিষ্ট দিন বা নির্দিষ্ট এলাকায় ঘূর্ণিঝড়, তাপপ্রবাহ কিংবা বজ্রঝড়ের নিশ্চিত পূর্বাভাস নয়। অধিদপ্তরের নিয়মিত দৈনিক, পাঁচদিনের, সামুদ্রিক ও ঘূর্ণিঝড়সংক্রান্ত পূর্বাভাসের মাধ্যমে পরবর্তী সময়ে পরিস্থিতির বিস্তারিত জানা যাবে।

নথুল্লাবাদ বাস মালিক সমিতির সভাপতি

না হয়, সে বিষয়েও সতর্ক করা হয়েছে।’ মোশাররফ হোসেন আরও বলেন, ‘আমার একটি বিয়ের দাওয়াত ছিল। এরপর কোতোয়ালি থানায় গিয়ে আসর, মাগির্বর ও এশার নামাজ পড়েছি। রাত সাড়ে ১১টা পর্যন্ত থানায় গল্পগজব করছি।’ বাস মালিক গ্রুপের এক নেতা নাম প্রকাশ না করার শর্তে বলেন, পুলিশ মোশাররফের কাছে নথুল্লাবাদ বাস টার্মিনালকেন্দ্রিক চাঁদাবাজির বিষয়ে জানতে চেয়েছে। আমের কীভাবে চাঁদা তোলা হতো, এখন কীভাবে তোলা হয় এবং এর ভাগ কারা পায়—এসব বিষয়েও জানতে চাওয়া হয়েছে বলে দাবি করেন তিনি। তবে এসব অভিযোগের বিষয়ে জালাত চাইলে বরিশাল কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন উল ইসলাম বলেন, ‘নথুল্লাবাদ বাস টার্মিনাল কীভাবে পরিচালিত হয়, মোশাররফ ভাইয়ের কাছে তা জানতে চেয়েছি। আগে কীভাবে চলেছে, এখন কীভাবে চলছে—এসব সার্বিক বিষয়ে তাকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। আমরা মনে করি, বাস টার্মিনাল পরিচালনায়ও একটি নিয়ম থাকা দরকার।’ ওসি জানান, টার্মিনালকেন্দ্রিক চাঁদাবাজির কোনো অভিযোগ নেই। চাঁদাবাজি হলে তো মামলা হয়। রাত ১১টা পর্যন্ত মোশাররফ থানায় ছিলেন।

বিএনপির প্রতিষ্ঠাবার্ষিক

কবীর্ভনাথানা ৩

ডেঙ্গুতে বরগুনার এমপির

৯৬৯ জন ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। তাদের মধ্যে ৯০২ জন সুস্থ হয়ে বাড়ি ফিরছেন।

সেতু ভেঙে বিচ্ছিন্ন খালের দুই পাড়

কথা বলে জানা গেছে, প্রায় দুই যুগ আগে উপজেলা প্রকৌশল অধিদফতরের (এলাজিহিডি) অধীনে বড়বগী ইউনিয়নের তালুকদার পাড়া ও নিশানবাড়িয়া ইউনিয়নের বড়াইতলী এলাকার যোগাযোগ স্থাপনে বগীরদোনা খালের ওপর লোহার সেতুটি নির্মাণ করা হয়। দীর্ঘদিন সংস্কার ও রক্ষাব্যেষ্কণের অভাবে সেতুটি জরাজীর্ণ হয়ে ঝুঁকিপূর্ণ অবস্থায় পড়ে ছিল। সম্প্রতি সেটি পুরোপুরি ভেঙে পড়ায় মৌরভী, পাওয়া পাড়া, তালুকদার পাড়া, বড়াইতলীসহ আশপাশের এলাকার মানুষের স্বাভাবিক চলাচল বন্ধ হয়ে গেছে। স্থানীয়রা জানান, অস্থায়ী পারাপারের ব্যবস্থা দ্রুত নিশ্চিত করার পাশাপাশি বগীরদোনা খালের ওপর একটি ট্রকসই ও স্থায়ী সেতু নির্মাণ করা হলে দীর্ঘদিনের দুর্ভোগ থেকে মুক্তি মিলবে হাজারো মানুষের। স্থানীয় বাসিন্দা আবু সালেহ, জাকির হোসেন এবং শিক্ষার্থী রাকিবুল ইসলাম ও আমেনা আক্তার বলেন, দীর্ঘদিন ধরেই সেতুটি ঝুঁকিপূর্ণ ছিল। বারবার সংস্কারের কথা বলা হলেও কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি। এখন সেতুটি ভেঙে পড়ায় চলাচল বন্ধ হয়ে গেছে। বিকল্প ব্যবস্থা না থাকায় জীবনের ঝুঁকি নিয়ে ডিঙি নৌকায় পার হতে হচ্ছে। সন্তানদের একা স্কুলে পাঠাতেও ভয় করছেন অভিভাবকরা। তালুকদার পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আবু তাহের বলেন, সেতুটি ভেঙে যাওয়ায় শিক্ষার্থীরা সময়মতো স্কুলে আসতে পারছে না। প্রতিদিন ডিঙি নৌকায় ঝুঁকি নিয়ে খাল পার হতে হচ্ছে। এতে উপস্থিতির হার কমে পাশাপাশি তাদের স্বাভাবিক পড়াশোনাও মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। দ্রুত এখানে একটি স্থায়ী সেতু নির্মাণ করা জরুরি। এ বিষয়ে তালতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অীশ সরকার বলেন, ভেঙে যাওয়া সেতুটি অপসারণসহ নতুন সেতু নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশল বিভাগকে বলা হয়েছে। তিনি আরও জানান, শিক্ষার্থী ও জনসাধারণের দুর্ভোগ লাঘবে জরুরিভিত্তিতে অপাংকালীন একটি কাঠের পুল নির্মাণের প্রাক্কলনের কাজ চলমান রয়েছে। দ্রুততম সময়ের মধ্যে পারাপারের বিকল্প ব্যবস্থা নিশ্চিত করতে দৃশ্যমান কার্যক্রম শুরু হবে।

মেঘনায় মিয়ানমারে পাচারের

এবং আনুমানিক বাজারদালা ২ লাখ ৯৭ হাজার ৫০০ টাকা। এ ছাড়া পাচারকাজে ব্যবহৃত দুটি বোটও জব্দ করা হয়েছে। অভিযান দলাকালে ১২ জনকে আটক করা হয়। কোস্ট গার্ড দক্ষিণ (ভোলা) জোড়ের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাকির আলম সৃজন জানান, জব্দ করা সিসেম্ট, বোট ও আটক ব্যক্তিদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন। রোয়ালচান রোপে কোস্ট গার্ডের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে জানান তিনি।

বাউফলের লালচরে একের পর এক মহিষের

একে মহিষগুলো চলে পড়ে। ভুক্তভোগী কৃষক বাবুল মুখা, সুমন মাঝি, আসাদুল ফকির, নূর মোহাম্মদ, চান্দু মিয়াসহ একাধিক কৃষক জানান, মাঠ থেকে গোয়ালঘরে ফেরার পর খাবার খেয়ে হঠাৎ মহিষগুলো অসুস্থ হতে শুরু করে। এর কিছুক্ষণ পর পাঁচটি মহিষ মারা যায় এবং ৩১টি অসুস্থ হয়ে পড়ে। এর আগে গত ২২ আগস্ট একই ইউনিয়নের মমিনপুরের লালচর এলাকায় বিখক্রিয়ায় দুটি মহিষ মারা যায় এবং একটি নিখোঁজ হয়। পরবর্তীতে ২৮ আগস্ট একই এলাকায় ঘাস খেয়ে অন্তত ৩১টি মহিষ অসুস্থ হয়, যার মধ্যে তিনটি মারা যায়। স্থানীয় সূত্র জানায়, লালচরের খাসজমিতে মহিষ চরানো নিয়ে বেশ কিছুদিন ধরে এলাকার রাজনৈতিক বিরোধ ও উত্তেজনা চলছে। কৃষকদের অধিবেশনে, চরে সারকে এক ছাত্রদল নেতার মহিষপ্রতি ২০০ টাকা করে ‘চাঁদা দাবি’ করা হচ্ছিল। টাকা না দিলে চরাতে বাধা দেওয়া হচ্ছিল। এই ‘বিরোধের জেরেই’ ঘাসে বিখগ্রয়ণে করা হয়েছে কি না, তা নিয়ে খামারিদের মাঝে উবেগ তৈরি হয়েছে। বাউফল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা শুভেন্দু সরকার বলেন, খবর পেয়ে দ্রুত অসুস্থ মহিষগুলোকে চিকিৎসা দেওয়া হয়। আক্রান্ত মহিষের রক্ত কালচে হয়ে যাওয়া, শ্বাসকষ্ট ও মুখ দিয়ে অতিরিক্ত লালা পড়ার লক্ষণ দেখে প্রাথমিকভাবে নাইট্রিট বিষক্রিয়া সন্দেহ করা হচ্ছে। তিনি আরও বলেন, আক্রান্ত ঘাস ও মৃত মহিষের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য ঢাকার কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগারে (সিডিআইএল) পাঠানো হয়েছে। পরীক্ষার রিপোর্ট পাওয়ার পর মৃত্যুর সঠিক কারণ নিশ্চিত হওয়া যাবে। বাউফল থানাও এসি মো, সিরাজুল ইসলাম বলেন, ঘাস ও খাদ্য বিষক্রিয়ার পেছনে কোনো অসাধু চক্রের হাত রয়েছে কি না, তা খতিয়ে দেখতে ইতোমধ্যে তদন্ত শুরু করেছে পুলিশ।

এক মাসের ব্যবধানে গভীর

ক্টো করলে হোসেন ও সেলিম নামে দুই জেলেকে মারধর করা হয়। এতে তারা গুরুতর আহত হন। তারা দুজনই নোয়াখালীর বাসিন্দা। পরে তাদের মহিপুর উপশাস্ত্র কেন্দ্রে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। ভুক্তভোগী জেলে মফিজুল ইসলাম বলেন, ট্রলারের চুকান ভেঙে গেলে সমুদ্রে ডাসতে থাকি। হঠাৎ ৪-৫টি মাছ ধরার ট্রলার আমাদের ঘিরে ফেলে। তারা ডাকাত ডাকাত বলে চিৎকার করতে থাকে। আমরা ট্রলারের কাগজপত্র দেখালেও তারা তা বিশ্বাস করেনি। উক্টো মারধর এবং আমাদের ট্রলারের চুকান ও বোটের তক্তাও ভেঙে দেয়। একপর্যায়ে হাতজোড় করে প্রাণভিক্ষা চেয়ে তীরে ফিরে আসি। ট্রলারের মালিক দেলোয়ার বলেন, গত ১ সেপ্টেম্বর ট্রলারটি বাজার-সদাই করে সমুদ্রে পাঠিয়েছি। পরে সুযোগ বুঝে এফবি নুসরাত, এফবি মায়ের দোয়া ও এফবি আল্লাহর দানসহ ৪-৫টি ট্রলার আমরা প্রায় ছয় লাখ টাকার মাছ, পাঁচ লাখ টাকার জাল ও তেল নিয়ে চাই। এটি ডাকাতি ছাড়া আর কিছুই নয়। আমি এ ঘটনার বিচার চাই। মহিপুর মৎস্য সমিতির নেতা গাজী মজনু বলেন, বেশ কিছুদিন ধরে সমুদ্রে জলদস্যুদের তৎপরতা তেমন ছিল না। সম্প্রতি গভীর সমুদ্রে তাদের তৎপরতা কিছুটা বেড়ে যাওয়ায় জেলাদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। সমুদ্রে নৌ টহল জোরদার করা প্রয়োজন। এ বিষয়ে কোস্টগার্ড নিজামপুর কন্টিনজেন্ট কমান্ডার শহীদুল্লাহ বলেন, আমরা নিয়মিত টহল দিচ্ছি। জেলেরা তাৎক্ষণিকভাবে জানালে জলদস্যুদের শনাক্ত ও আটক করা সহজ হবে। এছাড়া জেলেরা ৯৯৯ নম্বরে সহযোগিতা চাইতে পারেন। কোস্টগার্ড সমুদ্র ও জেলাদের নিরাপত্তায় সার্বক্ষণিক কাজ করে যাচ্ছে। পায়রা বন্দর নৌ পুলিশ ফাঁড়ির ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নয়ন তারকুন বলেন, বিষয়টি মাত্রই জেনেছি। ইতোমধ্যে খোঁজখবর নেওয়া হচ্ছে। ঘটনাটি গুরুত্বের সঙ্গে তদন্ত করে দোষীদের শনাক্ত করে আইনের আওতায় আনা হবে। এর আশে চলতি বছরের ৫ আগস্ট গভীর বঙ্গোপসাগরের খাষা বয়া বাতি এলাকায় এফবি মিম নামের আরও এক মাছ ধরার ট্রলারে ডাকাতির ঘটনা ঘটে। এক মাসের ব্যবধানে ফের এমন ঘটনায় জেলোদের মধ্যে নতুন করে আতঙ্ক দেখা দিয়েছে।

নেপালে বন্যায় মৃতের সংখ্যা বেড়ে

নেপাল পুলিশ। নেপালভিত্তিক সংবাদমাধ্যম দ্য কাঠমান্ডু পোস্ট এ খবর জানিয়েছে। পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী, মোট আটটি জেলা থেকে এসব মরদেহ উদ্ধার করা হয়েছে। এর মধ্যে চিতওয়ানে ৩৬০, পশ্চিম নাওয়ালপারাসিতে ২৩০, পূর্ব নাওয়ালপারাসিতে ২২২, নুয়াকোটে ১৯২, রাসুলায় ১৬০, পোরাখায় ৭৩, বাদিনয়ে ৬৭ এবং তানহান জেলায় ৩৮ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। পুলিশ জানায়, ডিএনএ ডানার সংগ্রহ ও অন্যান্য শনাক্তকরণ প্রক্রিয়া সম্পন্ন করার পর এ পর্যন্ত

১,০৩০টি মরদেহ দাফন করা হয়েছে। যার মধ্যে ২২২ জন নারী, ৩৫৫ জন পুরুষ এবং ৪৫৩টি এমন মরদেহ রয়েছে যাদের লিঙ্গ নির্ধারণ করা সম্ভব হয়নি। নিহতদের পরিচয় শনাক্তে সহায়তার জন্য কর্তৃপক্ষ এখন পর্যন্ত ২,২৭২টি ডিএনএ নমুনা সংগ্রহ করেছে। এর মধ্যে ১,২৬০টি নমুনা নিহতদের দেহ থেকে এবং ১,০১২টি নমুনা স্বজনদের কাছ থেকে নেওয়া হয়েছে। এছাড়া নিখোঁজদের স্বজনরা তাদের স্বজনদের বিষয়ে নিশ্চিত হতে পারছেন কিনা তা জানতে ১,২৭০টি অজ্ঞাত মরদেহের বিস্তারিত তথ্য নেপাল পুলিশের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে তত্ত্বাশি ও উদ্ধার অভিযান, ত্রাণ বিতরণ, মরদেহ উদ্ধার এবং অন্যান্য জরুরি কার্যক্রম পরিচালনার জন্য ৭,৯১২ জন পুলিশ সদস্যকে মোতায়েন করা হয়েছে বলে জানিয়েছে নেপাল পুলিশ। বর্তমানে বিভিন্ন জেলার হোল্ডিং সেন্টারগুলোতে প্রায় ৩,২৪০ জন মানুষকে আশ্রয় দেওয়া হয়েছে। একইসঙ্গে পুলিশ ও স্থানীয় কর্তৃপক্ষ বন্যা ঝুঁকিপূর্ণ এলাকাগুলো থেকে পরিবারগুলোকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার কাজ অব্যাহত রেখেছে। নিরাপত্তা বাহিনীর সদস্যরা ক্ষতিগ্রস্ত সড়কগুলোর বাধা অপসারণ এবং বন্যাবলিতে এলাকায় তত্ত্বাশি ও উদ্ধার অভিযান চালানোর জন্য স্থানীয় বাসিন্দা ও অন্যান্য সংস্থার সঙ্গে যৌথভাবে কাজ করছে।

যুদ্ধ দীর্ঘায়িত করার পরিকল্পনা করছে

সম্ভমতা নিয়ে ইরান এখন আরও অনেক বেশি আত্মবিশ্বাসী। দেশটি এখন যুদ্ধ দীর্ঘায়িত করার ব্যাপারে আত্মী। যেন যুক্তরাষ্ট্র যুদ্ধে জড়ানোর কারণে বিব্রতকর পরিস্থিতিতে পড়ে। প্রতিবেদনে বলা হয়েছে, সাম্প্রতিক সময়ে দুই দেশের মধ্যে যে হামলা ও পাল্টা হামলার ঘটনা ঘটেছে, তা সীমিত অবস্থায় আছে। কিন্তু ইরান উত্তেজনা বৃদ্ধি করতে পারে। নিউইয়র্ক টাইমসকে সর্বশ্রিষ্ট সূত্র বলেছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে সরাসরি যুদ্ধের মাধ্যমে ইরান তাদের সামরিক বাহিনীর সম্ভমতা সম্পর্কে আরও বেশি বৃহত্তরে পেরেছে এবং তারা যুদ্ধ চালিয়ে যেতে পারবে এ বিশ্বাস তৈরি হয়েছে। মার্কিন গোয়েন্দারা আরও বলেছেন, ইরানের সঙ্গে এ মুহূর্তে তাদের জড়িতে পৌছানো অনেক কঠিন হয়ে পড়েছে। এরসঙ্গে ইরান যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনের আগে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অবস্থান খারাপ করে দিতেও চায়। অপরদিকে যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার জবাবে ইরান উত্তেজনা বৃদ্ধি করে যেতে পারে। এরমধ্যে গত জুলাইয়ের মতো মার্কিন ঘাঁটিতে হামলা ও প্রতিবেশী দেশগুলোর অবকাঠামোকে টার্গেট করতে পারে তারা। এরসঙ্গে ইরানি হ্যাকাররা আবারও পুনর্গঠিত হয়ে তারা সাইবার হামলার চেষ্টা করতে পারে। যার লক্ষ্য থাকবে যুক্তরাষ্ট্রের সাধারণ মানুষের মধ্যে যুদ্ধবিরোধীতা মনোভাব ছড়ানো তোলা।

মেঘনায় মাছ ধরতে গিয়ে

সবাই বাসনভাড়া চরে চড়ে পেরন। ওই সময় সঙ্ক্রপাত তার গায়ে লাগলে ঘটনাস্থলেই নিহত হন তিনি। তারা আরও জানান, নজরুল ইসলাম মঞ্জু জেলে পেশা ছেড়ে দীর্ঘ কয়েক বছর ধরে তত্ত্বমদ্দিন বাজারের দক্ষিণ মাথায় লাকবির ব্যবসা করতেন। পরে ব্যবসায় লোকসান হওয়ায় তিনি কয়েক মাস আগে জেলে পেশায় ফেরত আসেন। তত্ত্বমদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মিজানুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে নিহতের বাড়িতে পুলিশ পাঠানো হয়েছে।

উপদেষ্টা নিয়োগে যোগ্যতার চেয়ে

আলোচকের বক্তব্যে তিনি এসব কথা বলেন। সিবিগাডুয়াহ সিবিগা বলেন, সরকার কী যোগ্যতার ভিত্তিতে উপদেষ্টা নিয়োগ দেয়? অধিকাংশই হচ্ছে যারা রাজনৈতিক চটকার। যে একে-ওকে গালিগালাজ করতে পারে তার রিওয়ার্ড হলো সরকারের উপদেষ্টা হিসেবে নিয়োগ পাওয়া। এ ধরনের মাধ্যমদের কাছ থেকে আমরা কী বড় প্রত্যাশা করতে পারি? তিনি অভিযোগ করেন, সরকার বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে যোগ্যতার পরিবর্তে দলীয় আনুগত্যকে গুরুত্ব দিচ্ছে। সরকার আগের মতো অন্ধ মানুষদের সামনে নিয়ে আসতে পারে। বিশ্ববিদ্যালয়ের ভিসি নিয়োগের প্রসঙ্গ টেনে শিবিরের এই নেতা বলেন, আমরা দেখতে পাচ্ছি বিশ্ববিদ্যালয়ের ভিসি নিয়োগে একজন ভিসির যোগ্যতা তিনি ধান লাগানোর জন্য মিছিল করছে, এটিকে তার যোগ্যতা। এই যে ধান লাগানো ভিসি যিনি আসতেছেন, তিনি কি আমাদের মধ্যে তে ডরুণদের জন্য ভালো কিছু চিন্তা করতে পারবেন? বরং দেখা যায়, তিনি ওই দলীয়করণই করবেন। এমন একটি অন্ধ সংস্কৃতি চাণু করে এ রকম করে আমাদের দেশকে বারবার পিছিয়ে নেওয়া হচ্ছে। এ সময় বিরোধীদলের চেলমান কর্মসূচির প্রসঙ্গও তুলে ধরেন সিবিগাডুয়াহ সিবিগা বলেন, আজকে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুল রহমানের নেতৃত্বে ছয় দফা বাস্তবায়নের দাবিতে লংমার্চ শুরু হয়েছে। এখানে অন্যতম একটি যৌক্তিক দাবি ছয় নম্বর যেটা, সেটা হলো অন্ধ দলীয়করণমুক্ত করতে হবে। কৃতী শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, তেমনাৎকে সবসময় আটকে দেওয়ার চেষ্টা করা হবে। কিন্তু আমরা বলতে চাই, যদি তুমি সচেতন হও এবং পরিকল্পনা গুছিয়ে কাজ করতে পারো, তাহলে তেমনাকে কেউ ঠেকাতে পারবে না। অনুষ্ঠানে ছাত্রশিবির পিরোজপুর জেলা শাখার সভাপতি মো. ইমরান বলেন সরকার সভাপতিত্বে ও জেলা সেক্রেটারি মো. মিজানুর রহমানের সঞ্চালনায় প্রধান অতিথি ছিলেন পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাদ্দী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর পিরোজপুর জেলা শাখার ভারপ্রাপ্ত আমির মাওলানা আব্দুর রব, ছাত্রশিবিরের কেন্দ্রীয় প্রাণিণি আড্ডা ডেভেলপমেন্ট সম্পাদক সুমন সরকার এবং জার্সীৱনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদের (জাকসু) এজিএস ফেরদৌস আল হাসান।

ঝালকাঠিতে ডেঙ্গুতে

৩১ জন রোগী চিকিৎসাধীন। রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ পর্যন্ত ২২৬ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন। তাদের মধ্যে ২১৬ জন চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন। বর্তমানে সেখানে ১০ জন চিকিৎসাধীন রয়েছেন। নলছিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ পর্যন্ত ১১০ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন। তাদের মধ্যে ১০৪ জন ছাড়পত্র পেয়েছেন। বর্তমানে ছয়জন চিকিৎসাধীন রয়েছেন। অন্যদিকে, কাঁঠালিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ পর্যন্ত ১০১ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছে। তাদের মধ্যে ৯৯ জন চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন। বর্তমানে সেখানে দুজন রোগী চিকিৎসাধীন রয়েছেন। ঝালকাঠির সিভিল সার্জন ডা. হুমায়ুন কবির বলেন, ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সবাইকে সচেতন হতে হবে। জ্বর হলে অবহেলা না করে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি। তিনি আরও বলেন, হাসপাতালগুলোতে ডেঙ্গু রোগীদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা রাখা হয়েছে।

মেহেন্দিগঞ্জে জামায়াতের রুকন

আল্লাহর পথে ডাকতে হবে। দ্বীন বিজয়ের জন্য প্রাণান্তকর প্রচেষ্টা চালানো আমাদের দায়িত্ব। আর বিজয় দান করার দায়িত্ব আল্লাহর। তাই ইখলাসের সঙ্গে দায়িত্বশীলতার সাথে কাজ করতে হবে। শিক্ষা শিবিরে বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় কর্মপরিয়দ সদস্য ও বরিশাল মহাগণর আমীর অধ্যক্ষ মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বারর, কেন্দ্রীয় মজলিসে ওয়ার সদস্য ও বরিশাল জেলা আমীর অধ্যাপক মাওলানা আবদুল জব্বার, বরিশাল জেলা জামায়াতেত নায়েব আমীর মাস্তুর আব্দুল মল্লান, ড. মাহফুজুর রহমান, জেলা সেক্রেটারি অধ্যাপক মাওলানা মাহমুদুরবী তালুকদার, জেলা কর্মপরিয়দ সদস্য মো. সাইফুর রহমান এবং অ্যাডভোকেট জহির উদ্দিন ইয়ামিন প্রমুখ।

কাউখালীতে গ্রীষ্মকালীন

ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে ইউএনও বলেন, লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই প্রতিযোগিতা তাদের সুনাগরিক হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে। ছাত্র-ছাত্রীরা ক্রীড়াঙ্গনে নিজেদের সুষ্ঠু প্রতিভার বিকাশ ঘটিয়ে উপজেলার নাম দেশব্যাপী উজ্জ্বল করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। উদ্বোধনী পর্ব শেষে মূল ক্রীড়া প্রতিযোগিতা শুরু হয়। প্রতিযোগিতায় উপজেলার বিভিন্ন স্কুল, মাদ্রাসা ও কারিগরি স্কলাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা দাবা, সাঁতার, হ্যাডবল ও কাবাডিসহ বিভিন্ন ইভেন্টে অংশ নিয়েছেন। এই টুর্নামেন্ট প্রতিযোগিতায় বিজয়ীরা পরবর্তীতে জেলা পর্যায়ে অন্মুষ্ঠিত প্রতিযোগিতায় অংশ নিবেন।

পানি নিষ্কাশনের পথ

স্থানীয় বাসিন্দাদের পক্ষ থেকে বরিশাল সিটি কর্পোরেশনে লিখিত অভিযোগ দেওয়া হয়েছে। অভিযোগকারীদের একজন বাবলু জানান, এলাকায় দীর্ঘদিন ধরে পানি নিষ্কাশনের জন্য ব্যবহৃত পথটি ভবন নির্মাণের কারণে আগের মতো কার্যকর থাকছে না। পাশাপাশি নির্মাণসম্মী রাখার কারণে ড্রেনের আশপাশের জায়গাও সংস্কৃতিত্ব হয়ে পড়েছে বলে দাবি করেন তিনি। তবে স্থানীয় বাসিন্দাদের অভিযোগ অস্বীকার করেছে নির্মাণকারী প্রতিষ্ঠান। হিলাউড ডেভেলপারের পক্ষ থেকে বলা হয়েছে, সেখানে কোনো খাল বা সরকারি পানি চলাচলের পথ বন্ধ করা হয়নি। সিটি কর্পোরেশনের বিদ্যমান ড্রেন ব্যবস্থাই নির্মাণকাজ চলছে এবং বর্তমানে পানি নিষ্কাশনে কোনো সমস্যা হচ্ছে না। হিলাউড হাউজিং লিমিটেডের সাইট ইন্সিনিয়ার রাজীব বলেন, ‘ওই স্থানে কোনো খাল নেই। সেখানে সিটি কর্পোরেশনের ড্রেন রয়েছে। বর্তমানে পানি নিষ্কাশনে কোনো ধরনের সমস্যা হচ্ছে না।’ এদিকে বরিশাল সিটি কর্পোরেশনের রোড ইনস্পেক্টর বাবু জানান, বিপর্যয়ি নিয়ে একটি অভিযোগ তারা পেয়েছেন। আরেকটি অভিযোগ এখনো তাদের হাতে পৌছায়নি। উভয় পক্ষের অভিযোগ ও বক্তব্য পাওয়ার পর বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

স্থানীয়দের দাবি, নগরীর বিভিন্ন এলাকায় অপরিকল্পিত নির্মাণকাজের কারণে পানি নিষ্কাশন ব্যবস্থা বাধাগ্রস্ত হলে বর্ষা মৌসুমে জলাবদ্ধতার সমস্যা আরও প্রকট হতে পারে। তাই ভবন নির্মাণের অনুমোদন, সংশ্লিষ্ট এলাকার ড্রেন ও পানি চলাচলের পথের প্রকৃত অবস্থান এবং নির্মাণকাজ অনুমোদিত নকশা ও বিধিমালা অনুযায়ী হচ্ছে কি না-তা সরেজমিনে যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন তারা। তবে ভবন নির্মাণের কারণে পানি নিষ্কাশনের পথ বাস্তবে কতটা বাধাগ্রস্ত হয়েছে এবং নির্মাণকাজটি সিটি কর্পোরেশনের অনুমোদিত নকশা ও প্রচলিত নিয়ম মেনে হচ্ছে কি না, তা এখনো নিশ্চিত নয়। বরিশাল সিটি কর্পোরেশনের সরেজমিন পরিদর্শন ও যাচাই-বাছাইয়ের পরই এ বিষয়ে প্রকৃত চিত্র স্পষ্ট হবে।

বরিশালে বিএনপি নেতার

সদস্য অধ্যক্ষ মাওলানা আব্দুল জলিল, সলিয়াবাকপুর ইউনিয়ন জামায়াতের আমীর মাওলানা আনোয়ার হোসাইন, সেক্রেটারি মাস্তুর মজিবুর রহমান মিজান ও সাবেক অর্থ সম্পাদক মোঃ সাবেক হোসেনসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। যোগদানকালে বরিশাল জেলা জামায়াতের আমীর অধ্যাপক মাওলানা আব্দুল জব্বার মিষ্টিমুখ করিয়ে মোঃ আলমগীর হোসেনকে দলে স্বাগত জানান। এসময় মো. আলমগীর হোসেন জামায়াতে ইসলামীতে সক্রিয়ভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। যোগদান প্রসঙ্গে মোঃ আলমগীর হোসেন বলেন, জামায়াতের আদর্শে অনুপ্রাণিত হয়ে তিনি যোগদান করেছেন।

হিজলায় বিশেষ অভিযানে সাত

পরিপ্রেক্ষিতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পরে আইনগত প্রক্রিয়া শেষে তাকে আদালতে পাঠানো হয়েছে বলে জানা গেছে। স্থানীয় সূত্রে অভিযোগ রয়েছে, হিজলা উপজেলার বিভিন্ন এলাকায় বালু উত্তোলন, মাদক, জুয়া, চুরি-ডাকাতি ও চাঁদাবাজিসহ নানা অপরাধমূলক কর্মকাণ্ডের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান অব্যাহত রয়েছে। তবে কোনো ব্যক্তিই বিরুদ্ধে অভিযোগ আদালতে প্রমাণিত না হওয়া পর্যন্ত তাকে দোষী হিসেবে গণ্য করা যায় না। এদিকে অপরাধের বিরুদ্ধে সংবাদ প্রকাশ ও সামাজিকভাবে সচেতনতা তৈরির কারণে সাংবাদিক ও সংবাদকর্মীদের বিভিন্নভাবে অপপ্রচারের শিকার হতে হচ্ছে বলেও অভিযোগ উঠেছে। সংশ্লিষ্টদের দাবি, অপরাধের তথ্য প্রকাশ করলেই কোনো ব্যক্তি বা গোষ্ঠীর অনুসারীরা সামাজিক যোগাযোগমাধ্যমে বিভ্রান্তিকর প্রচারণা চালাচ্ছেন। তবে সংবাদ প্রকাশের ক্ষেত্রে প্রকৃত তথ্য যাচাই করে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বক্তব্যের ভিত্তিতেই প্রতিবেদন প্রকাশ করা উচিত। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হিজলায় অপরাধীদের বিরুদ্ধে অভিযান আরও জোরদার করার দাবি জানিয়েছেন স্থানীয় সচেতন মহল।



কুয়াকাটায় ভেসে এলো ৬ ফুটের মৃত

ডলফিন, লেজে বাঁধা দিড়ি

কুয়াকাটা প্রতিনিধি
পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্র সৈকতের পূর্ব পাশে চর গঙ্গামতি এলাকায় জোয়ারের পানির সঙ্গে ভেসে এসেছে প্রায় ৬ ফুট লম্বা একটি মৃত বোতলনোজ ডলফিন। শনিবার (৫ সেপ্টেম্বর) সকাল ১০টার দিকে স্থানীয় পরিবেশবাদী সংগঠন উপকূল পরিবেশ রক্ষা আন্দোলনের সদস্য আব্দুল জলিল ডলফিনটির মরদেহ দেখতে পান। পরে খবর পেয়ে পরিবেশকর্মী, ডলফিন রক্ষা কমিটি, বন বিভাগ ও বাংলাদেশ জলিকর সংরক্ষণ ফেডারেশনের (বিবিসিএফ) সদস্যরা ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করেন। উদ্ধারের সময় দেখা যায়, দীর্ঘ সময় পানিতে থাকার কারণে ডলফিনটির শরীরের অধিকাংশ চামড়া উঠে গেছে। শরীরের বিভিন্ন স্থানে ক্ষতচিহ্ন রয়েছে এবং লেজে একটি দিড়ি বাঁধা ছিল। এ ঘটনায় সামুদ্রিক প্রাণীর নিরাপত্তা ও মাছ ধরার জালের ব্যবস্থাপনা নিয়ে নতুন করে হেঁধেগ দেখা দিয়েছে। পরিবেশকর্মীরা বলছেন, জীবিত কিংবা মৃত ডলফিন, কচ্ছপ, রাজ কাকড়া বা অন্যান্য সামুদ্রিক প্রাণী উদ্ধারের সময় প্রায়ই তাদের শরীরের বিভিন্ন অংশে জালের টুকরা কিংবা দিড়ি বাঁধা অবস্থায় পাওয়া যায়। তবে উদ্ধার হওয়া ডলফিনটির মৃত্যুর প্রকৃত কারণ ময়নাতদন্ত বা বৈজ্ঞানিক পরীক্ষা ছাড়া নিশ্চিতভাবে বলা সম্ভব নয়। উপকূল পরিবেশ রক্ষা আন্দোলনের যুগ্ম আহ্বায়ক আবুল হোসেন রাজু বলেন, খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই বেঙ্গলাসেবকদের নিয়ে ঘটনাস্থলে গিয়ে ডলফিনটির মরদেহ উদ্ধার করা হয়। দীর্ঘ সময় পানিতে থাকার কারণে দ্রুত পচন ধরায় জনস্বাস্থ্য ও পরিবেশগত ঝুঁকি বিবেচনায় মরদেহটি নির্ধারিত স্থানে মাটিচাণা দেওয়া হয়েছে। বিবিসিএফ’র সহ-সাংগঠনিক সম্পাদক কে এম বাচ্চু জানান, উদ্ধার হওয়া ডলফিনটি একটি পুরুষ বোতলনোজ ডলফিন। বর্ষা মৌসুমে কুয়াকাটা উপকূলে মাঝেমাঝে বিভিন্ন প্রজাতির মৃত সামুদ্রিক প্রাণী ভেসে আসে। গত কয়েক বছরে শুকচ, প্রাস্টিক ও অন্যান্য বর্জ্য, তেল-রাসায়নিক দূষণসহ বিভিন্ন কারণে সামুদ্রিক প্রাণীর মৃত্যু হতে পারে। তবে প্রতিটি মৃত্যুর প্রকৃত কারণ জানতে বৈজ্ঞানিক পরীক্ষা ও নিয়মিত গবেষণা প্রয়োজন। ডলফিন রক্ষা কমিটির টিম লিভার রুমান ইমতিয়াজ তুষার বলেন, উপকূলীয় এলাকায় একেের পর এক সামুদ্রিক প্রাণীর মৃত্যু বড় ধরনের সতর্কবার্তা। ডলফিন ও কচ্ছপ সামুদ্রিক বাস্তুতন্ত্রের গুরুত্বপূর্ণ অংশ। তাই সামুদ্রিক প্রাণীর মৃত্যু রোধে সমন্বিত গবেষণা, নজরদারি, জেলেদের সচেতনতা এবং কার্যকর সংরক্ষণ ব্যবস্থা জোরদার করা জরুরি।

অবৈধভাবে বালু উত্তোলনকালে ড্রেজার ও বাল্কেহেডসহ আটক ৮

জেলা প্রতিনিধি
ভোলার তেঁতুলিয়া নদীতে অবৈধভাবে বালু উত্তোলনকালে ১টি ড্রেজার, ১টি বাল্কেহেড ও ১টি কাঠের বোটসহ ৮ জনকে আটক করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে আটক ব্যক্তিদের এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। শনিবার বিকালে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাকির আলম সৃজন এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানান। বিজ্ঞপ্তিতে বলা হয়, গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বেইশ ভোলা সদর উপজেলার ভেটুমিয়া ইউনিয়নের চর হোসেন সংলগ্ন তেঁতুলিয়া নদীতে অভিযান পরিচালনা করে। নদী থেকে অবৈধভাবে বালু তোলা অবস্থায় স্থান থেকেই তাদের হাতেনাতে আটক করা হয় এবং ব্যবহৃত ড্রেজার ও বোট জব্দ করা হয়। পরে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে আটক আটজনকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। জব্দ করা সরঞ্জামাদি ১৫ কার্যদিবসের মধ্যে নিলামে বিক্রি করার প্রাপ্ত অর্থ সরকারি কেস্যাগারে জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন আদালত। দণ্ডপ্রাপ্ত ব্যক্তিরা হলেন-মো. আবুল বাসার (৩৯), মো. ইসমাইল (৩১), মো. সিদ্দিক হাওলাদার (৩০), মো. ভারেক রহমান (২২), মো. আরিফ হাওলাদার (৩০), মো. আলমগীর (৫৮), মো. হাসান হাওলাদার (২৫) ও মো. রাজিব হাওলাদার (১৯)। কোস্ট গার্ড কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাকির আলম সৃজন জানান, নদী তীরবর্তী সাধারণ মানুষের বসভাট্টা ও ফসলি জমি রক্ষায় অবৈধ বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে কোস্ট গার্ডের এমন অভিযান অব্যাহত থাকবে।

হাম ও উপসর্গে প্রাণহানি

শরীরে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে। এ নিয়ে গত ১০ এপ্রিল থেকে এখন পর্যন্ত দেশে ১৯ হাজার ৬৪১ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। এ পর্যন্ত হামের উপসর্গ নিয়ে বেশি ৪০১ জন মারা গেছে ঢাকা বিভাগে। এর পরে রয়েছে সিলেট বিভাগ, সেখানে মারা গেছে ১৫৪ জন। এ ছাড়া বরিশালে ৫৬, চট্টগ্রামে ৬৪, খুলনায় ৩৫, ময়মনসিংহে ৭৫, রাজশাহীতে ৯২ ও রংপুর বিভাগে ১৪ জন মারা গেছে। স্বাস্থ অধিদপ্তরের নিয়মিত পরিসংখ্যানে মৃত ব্যক্তিদের বয়সভিত্তিক তথ্য পাওয়া যায় না। রোগতত্ত্ববিদেরা বলছেন, হাম সব বয়সী মানুষের হতে পারে, তবে শিশুরাই এতে বেশি আক্রান্ত হয়।

গাজায় ধ্বংসস্তূপ থেকে দুই বছর পর মিলল একই পরিবারের ৫৫ জনের মরদেহ

কীর্তনখোলা ডেক্স
ইসরায়েলি আত্মসনের নির্মম ক্ষতচিহ্ন আবারও ফুটে উঠল অবরুদ্ধ গাজা উপত্যকায়। দুই বছর আগে নিখোঁজ হওয়া একই পরিবারের ৫৫ জনের গলিত মরদেহ উদ্ধার করা হয়েছে গাজা সিটির জাইতুন এলাকার একটি ধসে পড়া ভবনের ধ্বংসস্তূপের নিচ থেকে। শনিবার ফিলিস্তিনি সিভিল ডিফেন্স বাহিনীর সদস্যরা এই তথ্য নিশ্চিত করেছেন। আলজাজিরার প্রতিবেদন অনুযায়ী, নিহতরা সবাই গাজার ‘মালকা’ পরিবারের সদস্য। প্রায় দুই বছর আগে ইসরায়েলি বাহিনীর নির্বিচার বোমা হামলা থেকে বাঁচতে তারা জাইতুন এলাকার ওই ভবনটিতে আশ্রয় নিয়েছিলেন। কিন্তু বোমার আঘাতে পুরো ভবনটি মাটির সঙ্গে মিশে গেলে ভেতরেই জীবন্ত কবরচাপা পড়েন তারা। সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ জানান, গত ৭২ ঘণ্টা ধরে মালকা পরিবারের নিখোঁজ হওয়া অন্তত ৬০ জন সদস্যের খোঁজে ধ্বংসস্তূপের নিচে ব্যাপক তত্ত্বাশি অভিযান চালানো হচ্ছিল। অবশেষে একের পর এক উদ্ধার হতে থাকে স্বজনহারা এই পরিবারটির সদস্যদের হিম্মতি মরদেহ। অধিকাংশের দেহাংশ ও মরদেহ উদ্ধার সম্ভব হওয়ায় আগামী সপ্তাহেরে শুরুতেই একই সঙ্গে তাদের গণনাফন ও যৌথ জানাজা অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে।

বিএনপি নায়ক হতে পারতো, কিন্তু হয়েছে ভিলেন: তাজুল ইসলাম

কীর্তনখোলা ডেক্স
‘জুলাই সনদ’ বাস্তবায়নের অঙ্গীকার পূরণ না করায় বিএনপির কঠোর সমালোচনা করছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সাবেক চিফ প্রসিকিউটর ও সুপ্রিম কোর্টের আইনজীবী মোহাম্মদ তাজুল ইসলাম। তিনি বলেন, নির্দাচিত হওয়ার পর বিএনপি বারবার বলছে তারা জুলাই সনদ অক্ষরে অক্ষরে পালন করছেন। কিন্তু ছয় মাসে সনদের একটি অক্ষরও তারা বাস্তবায়ন করেনি। বিএনপি নায়ক হতে পারতো, কিন্তু তারা এখন ভিলেনে পরিণত হয়েছে।

যুদ্ধ দীর্ঘায়িত করার পরিকল্পনা করছে ইরান: জানালেন মার্কিন গোয়েন্দারা

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান যুদ্ধ দীর্ঘায়িত করার পরিকল্পনা করছে ইরান। মার্কিন গোয়েন্দাদের বরাতে শনিবার (৫ সেপ্টেম্বর) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম নিউইয়র্ক টাইমস। এতে বলা হয়েছে, মধ্যপ্রাচ্যের দেশগুলোতে হামলার ত ও এর পাতায় দেখুন



সেতু ভেঙে বিচ্ছিন্ন খালের দুই পাড় ভোগান্তিতে শিক্ষার্থীসহ গ্রামবাসী

ভালতলী প্রতিনিধি
বরগুনার ভালতলী উপজেলার বরাগুনার খালের ওপর ঝুঁকিপূর্ণ সেতুটি ভেঙে পড়ায় তালুকদার পাড়া ও বড়াইতলী এলাকার মধ্যে সরাসরি যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে।

দুর্ভোগে পড়েছে তালুকদার পাড়া মানুষকে ভোগান্তি পোহাতে

হচ্ছে। তবে সবচেয়ে বেশি বিপাকে পড়েছে কোমলমতি শিক্ষার্থীরা। জীবনের ঝুঁকি নিয়ে ভিড়ি নৌকায় খাল পার হয়ে তাদের বিদ্যালয়ে যেতে হচ্ছে। সরেজমিন ঘুরে দেখা যায়, সেতু ভেঙে যাওয়ায় সবচেয়ে বেশি দুর্ভোগে পড়েছে তালুকদার পাড়া মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের

দুই শতাধিক শিক্ষার্থী। কোনো বিকল্প সড়ক না থাকায় বাধ্য হয়ে ভিড়ি নৌকায় খাল পার হয়ে হচ্ছে তাদের। এতে একদিকে দুর্ঘটনার ঝুঁকি বাড়ছে, অন্যদিকে বিদ্যালয়ে সময়মতো উপস্থিত হতে না পারায় ব্যাহত হচ্ছে তাদের পড়াশোনা। স্থানীয়দের সঙ্গে ত ও এর পাতায় দেখুন



পানি নিষ্কাশনের পথ সংকুচিত করে ভবন নির্মাণের অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর ১৯ নম্বর ওয়ার্ডের উত্তর বগুড়া রোডের গফুর সড়ক এলাকায় পানি নিষ্কাশনের পথ সংকুচিত করে বহুতল ভবন নির্মাণের অভিযোগ উঠেছে 'হিলডিং হাউজিং লিমিটেড' নামের একটি ডেভেলপার প্রতিষ্ঠানের বিরুদ্ধে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, নির্মাণকাজের কারণে দীর্ঘদিন ধরে ব্যবহৃত পানি নিষ্কাশনের স্বাভাবিক পথ সংকুচিত হয়ে পড়েছে। এতে সামান্য বৃষ্টিতেই এলাকায় জলাবদ্ধতার আশঙ্কা দেখা দিয়েছে। এ ঘটনায় ত ও এর পাতায় দেখুন

কাউখালীতে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

কাউখালী প্রতিনিধি

সারাদেশের ন্যায় পিরোজপুরের কাউখালীতে ৫৩তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে। শনিবার (৫ সেপ্টেম্বর) সকালে জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমিতির উদ্যোগে উপজেলার পরিষদ চত্বরে এ প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আসাদুজ্জামান এর শুভ উদ্বোধন করেন। এসময় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. আব্দুল হান্নান, একাডেমিক সুপার মো. রিয়াজুল ইসলামসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক ত ও এর পাতায় দেখুন

গুরুত্বপূর্ণ বার্তা: লুৎফুর রহমান সড়ক বন্ধ হওয়ার সমস্যা

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক ডে-কোয়ার

দাখিল A+ প্রাপ্তদের জন্য

আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫৪২২, ০১৭১১৮৮৭১৮৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয়: সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com

কীর্তনখোলা

বরিশাল ৯ রবিবার ৯ ০৬ সেপ্টেম্বর ২০২৬ ৯ ২৩ ভাদ্র ১৪৩৩

এক মাসের ব্যবধানে গভীর সমুদ্রে ফের ডাকাতির অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

মাত্র এক মাসের ব্যবধানে পটুয়াখালীর কলাপাড়ার উপকূলীয় এলাকায় গভীর সমুদ্রে জেলার টলার হামলা চালিয়ে মাছ, জাল, তেলসহ বিভিন্ন দ্রব্যাদি লুট করে উঠেছে। এ ঘটনায় দুই জেলে

আহত হয়েছেন। এতে নতুন করে আতঙ্কিত হয়ে পড়েছেন গভীর সমুদ্রে মাছ শিকারে যাওয়া জেলেরা। শনিবার (৫ সেপ্টেম্বর) জেলেরা টলার দিকে কুয়াকাটা থেকে প্রায় ৭০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে পারায় বন্দর বয়া এলাকায় এ ঘটনা ঘটে।

চট্টগ্রামের কর্ণফুলী এলাকার বাসিন্দা দেলোয়ারের মালিকানাধীন ট্রলারে থাকা জেলেরা ওপর হামলা চালিয়ে মাল্যমাল লুট করা হয় বলে অভিযোগ করেছেন ভুক্তভোগীরা। লুটপাটে বাধা দেওয়ার ত ও এর পাতায় দেখুন

বাউফলের লালচরে একের পর এক মহিষের মৃত্যু, কৃষকের ধারণা 'চাঁদা না দেওয়ার জের'

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফল উপজেলার চন্দ্রদ্বীপ ইউনিয়নের লালচর এলাকায় একের পর এক মহিষের মৃত্যু হচ্ছে। বিখ্যাত ইতোমধ্যে ৫ মহিষের মৃত্যু এবং আরও অন্তত ১১টি অসুস্থ হয়ে পড়েছে বলে জানা গেছে। 'খাসজমি ও চাঁদা দাবি নিয়ে সাবেক এক ছাত্রদল নেতার সঙ্গে পদার্থ প্রয়োগ করে থাকতে পারে। সেই ঘাস বিরোধের জেরে' মাঠে বিষ প্রয়োগ করা হয়ে



থাকতে পারে বলে ধারণা করছেন স্থানীয় কৃষকরা। পর পর মহিষের প্রাণহানির ঘটনায় চরম আতঙ্ক ও আর্থিক ক্ষতির মুখে পড়েছেন চর্যাঞ্চলের এসব কৃষক। তাদের অভিযোগ, লালচরের নিয়মিত চারণভূমির ঘাসে দুর্বৃত্তরা বিষাক্ত ও চাঁদা দাবি নিয়ে সাবেক এক ছাত্রদল নেতার সঙ্গে পদার্থ প্রয়োগ করে থাকতে পারে। সেই ঘাস বিরোধের জেরে' মাঠে বিষ প্রয়োগ করা হয়ে



মেহেন্দিগঞ্জে জামায়াতের রুকন সদস্যদের নিয়ে দিনব্যাপী শিক্ষাশিবির

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেন্দিগঞ্জ উপজেলা শাখার উদ্যোগে দিনব্যাপী রুকন শিক্ষা শিবির শনিবার (৫ সেপ্টেম্বর) উপজেলা মাদ্রাসা পরিপালন অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উপজেলা আমীর মাহলালা শহিদুল ইসলামের সভাপতিত্বে এবং সেক্রেটারি মাহলালা সাইমুদ্দারের সম্মেলনায় শিক্ষা শিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল ও বরিশাল অঞ্চল পরিচালক অ্যাডভোকেট মুহাম্মদ হোসাইন হেলাল। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, প্রত্যেক রুকন ভাই-বোনকে মানুষের প্রতি দরদী মন নিয়ে তাদের ত ও এর পাতায় দেখুন



হিজলায় বিশেষ অভিযানে সাত মামলার আসামি গ্রেফতার

হিজলা প্রতিনিধি

বরিশালের হিজলা উপজেলায় বিশেষ অভিযান চালিয়ে ইয়ামিন মাহতাবার নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। তিনি উপজেলা পৌরস্বতী ইউনিয়নের বাসিন্দা। পুলিশের তথ্য অনুযায়ী, তার বিরুদ্ধে ডাকাতি, চাঁদাবাজি, মাদক ও মৎস্য আইনে মোট ৭টি মামলা রয়েছে। পুলিশ সরে জানা যায়, ইয়ামিন মাহতাবারের বিরুদ্ধে ২টি ডাকাতি, ৩টি চাঁদাবাজি, ১টি মাদকদ্রব্য এবং ১টি মৎস্য আইনের মামলা রয়েছে। এসব মামলার ত ও এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডটট. এইচ.ও (অস্ট্রেলিয়া)

অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)

শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেশ্বার: মেডিনোতা মেডিকেল সার্ভিসেস লিঃ
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাই রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১০৪৪০৮, ০১৭১১-২৪০৬৬৬
০১৭১৪-০৬৮৮৮, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

নেপালে বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ১৩৪২, নিখোঁজ প্রায় ৫ হাজার

কীর্তনখোলা ডেস্ক

নেপালের উত্তরাঞ্চলে আঘাত হানা ভয়াবহ আকস্মিক বন্যায় শনিবার (৫ সেপ্টেম্বর) সকাল ৮টা পর্যন্ত মৃতের সংখ্যা বেড়ে ১,৩৪২ জনে দাঁড়িয়েছে। এই ঘটনায় এখনও ৪,৮৮৬ জন মানুষ নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছে ত ও এর পাতায় দেখুন



আটক ১২ মেঘনায় মিয়ানমারে পাচারের সময় ৫৯৫ বস্তা সিমেন্ট জব্দ

ভোলা প্রতিনিধি

মেঘনা নদীতে অভিযান চালিয়ে মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে নেওয়া বিপুল পরিমাণ সিমেন্ট জব্দ করেছে কোস্ট গার্ড। এ সময় পাচারকাজে জড়িত থাকার অভিযোগে ১২ জনকে আটক করা হয়েছে। চোরালান রোডে শনিবার (৫ সেপ্টেম্বর) ভোরে ভোলা ও নোয়াখালীর সীমান্তবর্তী মেঘনা নদীতে এ অভিযান চালায় কোস্ট গার্ড। শনিবার দুপুরে কোস্ট গার্ড দক্ষিণ (ভোলা) জোনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাকির আলম সুজন বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে শনিবার ভোর সাড়ে ৫টার দিকে ভোলা ও নোয়াখালীর হাতিয়া সীমান্তবর্তী এলাকার মেঘনা নদীতে বিশেষ অভিযান পরিচালনা করা হয়। এ সময় সন্দেহজনক দুটি বোটে তদ্রাশি চালানো হয়। তদ্রাশিতে গুলু-কর ফাঁকি দিয়ে মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে বহন করা ৫৯৫ বস্তা সিমেন্ট জব্দ করা হয়। এসব সিমেন্টের মোট ওজন ২৯ হাজার ৭৫০ কেজি ত ও এর পাতায় দেখুন



ছাত্রশিবির সেক্রেটারি উপদেষ্টা নিয়োগে যোগ্যতার চেয়ে চাটকারিতাকে গুরুত্ব দেয়া হচ্ছে

পিরোজপুর প্রতিনিধি

সরকার যোগ্যতার ভিত্তিতে উপদেষ্টা নিয়োগ দিচ্ছে কিনা- তা নিয়ে প্রশ্ন তুলেছেন ছাত্রশিবিরের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল সিবগাহুয়াহ সিরাবা। তিনি অভিযোগ করেছেন, উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে যোগ্যতার চেয়ে রাজনৈতিক আনুগত্য ও চাটকারিতাকে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। শনিবার (৫ সেপ্টেম্বর) দুপুরে পিরোজপুরে এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্তসহ ৩৫০ জন কৃতী শিক্ষার্থীর সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান ত ও এর পাতায় দেখুন

মেঘনায় মাছ ধরতে গিয়ে বজ্রপাতে জেলের মৃত্যু

তজুমদ্দিন প্রতিনিধি

মেঘনা নদীতে মাছ ধরতে গিয়ে হঠাৎ বজ্রপাতে ঘটনা ঘটেই মৃত্যু হয় মো. নজরুল ইসলাম মঞ্জু (৪৬) নামে এক জেলের। শনিবার (৫ সেপ্টেম্বর) দুপুরের দিকে ভোলার তজুমদ্দিন উপজেলার চাঁদপুর ইউনিয়নের মেঘনা নদীর বাসনভাড়া চরে এ ঘটনা ঘটেছে। নিহত নজরুল ইসলাম মঞ্জু ভোলার তজুমদ্দিন উপজেলার চাঁদপুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের ক্যামাল্লা গ্রামের মো. বদিউজামানের ছেলে। নিহতের পরিবার ও স্থানীয় জেলেরা জানান, শনিবার সকালের দিকে নজরুল ইসলাম মঞ্জুসহ অন্যান্য মাঝিরা তজুমদ্দিন উপজেলার ফ্রাইস পেট এলাকায় ট্রলার নিয়ে মেঘনা নদীতে মাছ শিকার করতে নামেন। দুপুরের দিকে জাল টানতে টানতে বাসনভাড়া চরে চলে আসেন। ওই সময় হঠাৎ বজ্রপাত শুরু হলে তারা ত ও এর পাতায় দেখুন

বিশিষ্টরাহির রহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১২১৩৪৪৬